# আর্থিক হিসাব
# 2021 - 2022

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

প্রচ্ছদের অপর পৃষ্ঠা

# সূচিপত্র

## বিবরণ
## পৃষ্ঠা

*বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর নিরীক্ষা প্রত্যয়নপত্র*............................................১
*হিসাব মহানিয়ন্ত্রক এর বিবৃতি*.............................................................................................................২
*আর্থিক হিসাবের পরিচিতি*.....................................................................................................................৪
*১. আর্থিক বিবরণীসমূহ:* .........................................................................................................................৪
*আর্থিক হিসাব সংশ্লিষ্ট নোটসমূহ*...........................................................................................................২
*শব্দকোষ*..........................................................................................................................................৪১
*শব্দসংক্ষেপ*......................................................................................................................................৪৪
*আর্থিক হিসাব এর পরিশিষ্টসমূহ*..........................................................................................................৪৫

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর নিরীক্ষা প্রত্যয়নপত্র

# হিসাব মহানিয়ন্ত্রক এর বিবৃতি

সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১৭ (৪) ধারা এবং একাউন্ট কোড (ভলিউম-১) এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক হিসাব মহানিয়ন্ত্রক কর্তৃক ১ জুলাই 2021 হতে ৩০ জুন 2022 পর্যন্ত সময়ের আর্থিক হিসাব প্রস্তুত করা হয়েছে। আর্থিক হিসাবের এ সঙ্কলনটিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের 2021 - 2022 অর্থবছরের প্রাপ্তি ও পরিশোধের হিসাবসহ রাজস্ব ও মূলধন হিসাব, সরকারের ঋণের হিসাব, হিসাবের বইতে সংরক্ষিত সরকারের দায় ও আর্থিক পরিসম্পদের স্থিতি এবং অন্যান্য তথ্যাদির মাধ্যমে প্রকাশিত আর্থিক ফলাফল উপস্থাপন করা হয়েছে। সংশ্লিষ্ট অর্থবছরের সরকারি ব্যয়ের নিরীক্ষিত হিসাব উপযোজন হিসাব আকারে প্রতিটি বরাদ্দ বা মঞ্জুরির জন্য পৃথকভাবে উপস্থাপিত হয়েছে, যা আর্থিক হিসাবের সম্পূরক।

১ জুলাই, ২০১৮ হতে বাজেট ও হিসাবের শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS)-এর প্রবর্তন এবং নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং স্ট্যান্ডার্ডস (IPSAS-Cash) অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হওয়ার প্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থবছরের আর্থিক হিসাবটি বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক মহোদয় কর্তৃক নির্ধারিত এবং মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত নতুন ছকে উপস্থাপন করা হয়েছে। নব-নির্ধারিত ছকে প্রণীত আর্থিক হিসাবটিতে নিম্নলিখিত ৫টি বিবরণী অন্তর্ভুক্ত রয়েছে:

১) বিবরণী-১: নগদ প্রাপ্তি ও পরিশোধ

২) বিবরণী-২: বাজেট ও প্রকৃত আয়/ব্যয় এর তুলনা

৩) বিবরণী-৩: সরকারি হিসাবসমূহের সামগ্রিক প্রাপ্তি ও পরিশোধ

৪) বিবরণী-৪: অর্থায়ন কার্যক্রমের সারসংক্ষেপ

৫) বিবরণী-৫: স্থিতির সারসংক্ষেপ।

আর্থিক হিসাবের প্রথম দু'টি বিবরণী নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং (IPSAS-Cash) স্ট্যান্ডার্ডস এর আলোকে প্রণয়ন করা হয়েছে। তৃতীয় বিবরণীটি সংবিধান ও অন্যান্য আইনি বাধ্যবাধকতা অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে। চতুর্থ বিবরণীটিতে অর্থায়ন কার্যক্রমের তথ্য সন্নিবেশিত হয়েছে। পঞ্চম বিবরণীটিতে একাউন্ট কোড (ভলিয়ম-৪) এর আর্টিকেল-৯৪ অনুযায়ী সকল আর্থিক সম্পদ ও দায় এর স্থিতি প্রদর্শিত হয়েছে।

প্রকাশিত সকল ঘটনা, লেনদেন, স্থিতিসমূহ এবং অন্যান্য আর্থিক বিষয়সমূহ যথাযথভাবে শ্রেণিবদ্ধ করা হয়েছে, যথাযথ অঙ্ক উল্লেখ করে সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে এবং স্বচ্ছতার সাথে তথ্যের বোধগম্যতা নিশ্চিত করা হয়েছে। আমার জ্ঞান ও বিশ্বাসের সর্বোচ্চ পর্যায় থেকে এটা বলা যায় যে, ব্যাখ্যামূলক নোট সাপেক্ষে এই হিসাবগুলো সরকারের 2021 - 2022 অর্থ বছরের প্রাপ্তি ও পরিশোধের সঠিক বিবরণ প্রদান করে।

ঢাকা ....................

তারিখ: **হিসাব মহানিয়ন্ত্রক**

**প্রতিস্বাক্ষর**

ঢাকা ....................

তারিখ: **সিনিয়র সচিব/সচিব**

**অর্থ বিভাগ**

# আর্থিক হিসাবের পরিচিতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩১ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) কর্তৃক নির্ধারিত ছক ও পদ্ধতি অনুসরণ করে আর্থিক হিসাব প্রস্তুত করা হয়েছে। এই হিসাবসমূহে বাজেটারি কেন্দ্রীয় সরকারের অর্থায়ন ও অন্যান্য কার্যাবলী থেকে উদ্‌ভূত প্রাপ্তি, পরিশোধ এবং স্থিতিসমূহ উপস্থাপিত হয়েছে।

৫৬ অঙ্ক বিশিষ্ট বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতিতে (BACS) নতুন শ্রেণিবিন্যাস চার্ট (COA) প্রবর্তনের পর আর্থিক হিসাবের পূর্বের কাঠামোটি অনেকাংশেই অকার্যকর হয়ে যায়। অধিকন্তু, নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং স্ট্যান্ডার্ডস (IPSAS-Cash) অনুসরণ করার প্রয়োজনীয়তা উদ্‌ভূত হওয়ায় আর্থিক হিসাবের ছক/কাঠামোটির সংশোধন অপরিহার্য হয়ে পড়ে। সংশোধিত কাঠামোটিতে নোট দ্বারা সমর্থিত পাঁচটি আর্থিক বিবরণী রয়েছে। নোটসমূহ আর্থিক বিবরণীসমূহের অবিচ্ছেদ্য অংশ।

## ১. আর্থিক বিবরণীসমূহ:

সরকারের আর্থিক হিসাবে পাঁচটি আর্থিক বিবরণী রয়েছে:

**(ক) বিবরণী-১: নগদ প্রাপ্তি ও পরিশোধ:** এই বিবরণীটি IPSAS এর নগদভিত্তিক মানদণ্ডের সাথে তুলনা করে প্রস্তুত করা হয়েছে। হিসাব মহানিয়ন্ত্রক এবং অন্যান্য সরকারি বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত নগদ অর্থের অন্তঃপ্রবাহ, বহিঃপ্রবাহ এবং স্থিতিসমূহ এই বিবরণীতে তুলে ধরা হয়েছে।

**(খ)বিবরণী-২: বাজেট ও প্রকৃত আয়/ব্যয়ের তুলনা:** এই বিবরণীটি IPSAS এর নগদভিত্তিক মানদণ্ডের সাথে তুলনা করে প্রস্তুত করা হয়েছে। মূল বাজেট, চূড়ান্ত বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং বাজেট বরাদ্দ ও প্রকৃত ব্যয়ের পার্থক্য এই বিবরণীতে উপস্থাপন করা হয়েছে।

**(গ)বিবরণী-৩: সরকারি হিসাবসমূহের সামগ্রিক প্রাপ্তি ও পরিশোধ:** বাংলাদেশের সংবিধান ও অন্যান্য বিধিবিধানের আলোকে বিবরণীটি প্রস্তুত করা হয়েছে। এ বিবরণীতে সংযুক্ত তহবিল (Consolidated Fund) এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব (Public Account of the Republic) এর প্রাপ্তি ও পরিশোধসমূহ আলাদাভাবে রাজস্ব হিসাব ও মূলধন হিসাব-এ প্রদর্শন করা হয়েছে।

**(ঘ)বিবরণী-৪: অর্থায়ন কার্যাবলীর সারসংক্ষেপ:** রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি হতে ব্যয়িত আবর্তক ও মূলধন ব্যয়সমূহ এই বিবরণীতে উপস্থাপিত হয়েছে। এছাড়াও এ বিবরণীতে সরকারি ব্যয় নির্বাহের কারণে উদ্‌ভূত বাজেট ঘাটতিসহ ঘাটতি অর্থায়নের উৎসসমূহ দেখানো হয়েছে।

**(ঙ) বিবরণী-৫: স্থিতিসমূহের সারসংক্ষেপ:** সরকারের সকল আর্থিক সম্পদ ও দায়সমূহ এই বিবরণীতে দেখানো হয়েছে। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ১৭(৪) এবং একাউন্টস কোড (ভলিউম-৪)-এর আর্টিকেল ৯৪ অনুযায়ী আর্থিক হিসাবে বিস্তারিত তথ্যসহ স্থিতিসমূহ প্রদর্শিত হয়েছে। উল্লেখ্য যে, নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং স্ট্যান্ডার্ডস (IPSAS-Cash) এর ২য় খণ্ডে অ-নগদ (non-cash) পরিসম্পদ ও দায় সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করার বিষয়ে উৎসাহিত করা হয়েছে।

আর্থিক হিসাবে অন্তর্ভুক্ত নোটসমূহে সংশ্লিষ্ট আর্থিক বিবরণীর বিস্তারিত বর্ণনা বা প্রয়োজনীয় আর্থিক তথ্যাদি উপস্থাপন করা হয়েছে। নোট ১.০ এ আর্থিক বিবরণীসমূহ প্রণয়নে ব্যবহৃত হিসাবরক্ষণের কর্মপন্থা এবং নীতির ব্যাখ্যা প্রদান করা হয়েছে। পূর্ববর্তী অর্থবছরের তথ্যে সামঞ্জস্য আনয়ন বা সমন্বয় করা হলে তা নোট ৬.০ এ উল্লেখ করা হয়। অন্যান্য নোটসমূহ নির্দিষ্ট বিবরণীসমূহের সাথে সম্পর্কিত এবং সে মোতাবেক নোট ও বিবরণীসমূহের মধ্যে ক্রস রেফারেন্স প্রদান করা হয়েছে।

## ২. সরকারি হিসাব সম্পর্কিত আইনি ব্যবস্থা

সংবিধানের বিধান মোতাবেক সরকারি হিসাবের দুইটি তহবিল রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ- ৮৪ অনুযায়ীঃ

“(১) সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ হইতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ একটি মাত্র তহবিলের অংশে পরিণত হইবে এবং তাহা "সংযুক্ত তহবিল" নামে অভিহিত হইবে।

(২) সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত অন্য সকল সরকারি অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হইবে।”

অনুচ্ছেদ ৮৪ এর ধারা (১) এর বিধান অনুযায়ী সংযুক্ত তহবিলের প্রাপ্তিসমূহ তাদের উৎসের ভিত্তিতে তিনভাগে বিভক্ত:

(১) সকল রাজস্ব,

(২) সরকার কর্তৃক গৃহীত সকল ঋণ,

(৩) সরকার কর্তৃক প্রদত্ত সকল ঋণ হতে উদ্ভূত আদায়সমূহ।

সংবিধানের ৮৭ অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত তহবিলের ওপর দায়যুক্ত (Charged) ব্যয়কে অন্যান্য (Voted) ব্যয় থেকে আলাদাভাবে প্রদর্শন করা আবশ্যক। এছাড়াও এ অনুচ্ছেদ এর মাধ্যমে রাজস্ব হিসাবকে সংযুক্ত তহবিলের অন্তর্ভুক্ত অন্যান্য ব্যয় থেকে পৃথকভাবে বিবেচনা করতে বলা হয়েছে, যা ‘মূলধন হিসাব’ নামেও অভিহিত।

অতএব সংবিধানের অনুচ্ছেদ-৮৪(১) দ্বারা সংযুক্ত তহবিলের সরকারি প্রাপ্তিসমূহকে সুস্পষ্টভাবে ৩টি শ্রেণিতে এবং অনুচ্ছেদ-৮৭ দ্বারা সংযুক্ত তহবিল হতে নির্বাহ ব্যয়সমূহকে রাজস্ব হিসাব ও মূলধন হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়েছে। রাজস্ব হিসাব থেকে সম্পাদিত ব্যয়সমূহকে কয়েকটি বাজেট খাতে বিভক্ত করা হয়েছে। এছাড়াও বাজেট সংক্রান্ত দলিলাদিতে সরকারি ব্যয়কে পুনরায় দুইটি শ্রেণিতে বিভাজন করা হয়েছে, যথা-পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়।

এ সকল আইনি বিধান সাপেক্ষে একাউন্ট কোড (ভলিউম-৪) অনুযায়ী নির্ধারিত সরকারি হিসাবের ২টি তহবিল হলো সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব। এই দুইটি তহবিলকে আবার আরও ৫টি ভাগে বিভক্ত করা হয়েছে। এর মধ্যে সংযুক্ত তহবিলের ৩টি ভাগ নিম্নরূপ:

(১) রাজস্ব হিসাব,
(২) মূলধন হিসাব এবং
(৩) দেনা (সরকারি দেনা এবং ঋণ ও অগ্রিম)

অপরদিকে, প্রজাতন্ত্রের সরকারি হিসাব ২ ভাগে বিভক্ত:
(৪) উপরে প্রদর্শিত ক্রমিক-৩ এর বহির্ভূত ঋণ, জমা ও অগ্রিম এবং
(৫) রেমিটেন্স (Remittance) হিসাব।

সংযুক্ত তহবিলের প্রথম ভাগ 'রাজস্ব'-এর অধীন কর এবং অন্যান্য উৎস হতে অর্জিত আয় এবং তা থেকে যে ব্যয় নির্বাহ করা হয় তা নির্দেশ করে। এর নিট ফলাফল হলো সংশ্লিষ্ট অর্থবছরের রাজস্ব উদ্‌বৃত্ত বা ঘাটতি। দ্বিতীয় ভাগ 'মূলধন' সে সব ব্যয়ের সাথে সম্পর্কিত যা সাধারণতঃ অ-আর্থিক পরিসম্পদ বৃদ্ধি অথবা আবর্তক দায়দেনা হ্রাসের উদ্দেশ্যে গৃহীত ঋণের অর্থ থেকে নির্বাহ করা হয়। এছাড়া এ অংশে মূলধন প্রকৃতির আয় অন্তর্ভুক্ত রয়েছে যা মূলধনী ব্যয়ের সাথে সমন্বয় করা হয়ে থাকে। তৃতীয় ভাগ 'দেনা'-তে সেসব প্রাপ্তি ও পরিশোধ অন্তর্ভুক্ত রয়েছে যার জন্য সরকারের প্রাপ্ত অর্থ পরিশোধের দায়বদ্ধতা সৃষ্টি অথবা প্রদেয় অর্থ আদায়ের স্বত্ব অর্জিত হয়। এছাড়াও এ বিভাগে প্রাপ্ত দেনার বিপরীতে পরিশোধিত অর্থ ও প্রদত্ত দেনার জন্য পরিশোধকৃত অর্থও হিসাবভুক্ত করা হয়ে থাকে। চতুর্থ ভাগে প্রদর্শিত দেনা, জমা ও অগ্রিম প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতাধীন বিধায় তৃতীয় ভাগে অন্তর্ভুক্ত নয়। পঞ্চম ও শেষ ভাগের অন্তর্গত 'রেমিটেন্স'-এর অধীন সকল সমন্বয়যোগ্য খাত শ্রেণিভুক্ত করা হয়েছে, যথা এক বিভাগীয় অফিস থেকে অন্য বিভাগীয় অফিসে অর্থ প্রেরণ, দুই হিসাব সার্কেলের মধ্যে টাকা স্থানান্তর ইত্যাদি। সমন্বয়যোগ্য খাতসমূহে প্রাথমিকভাবে রেকর্ডকৃত ক্রেডিট এবং ডেবিট স্থিতিসমূহ শেষ পর্যায়ে চূড়ান্ত খাতে নিষ্পত্তি করা হয়।

বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS)-এর অর্থনৈতিক সেগমেন্টের অধীন লেনদেনসমূহ ৭ অঙ্কে লিপিবদ্ধ করা হয়। যার প্রথম অঙ্ক (লেভেল-১) লেনদেনের ধরন নির্দেশ করে। ২য় অঙ্ক (লেভেল-২), ৩য় অঙ্ক (লেভেল-৩), ৪র্থ অঙ্ক (লেভেল-৪), ৫ম অঙ্ক (লেভেল-৫), ৬ষ্ঠ ও ৭ম অঙ্ক (লেভেল- ৬) যথাক্রমে শ্রেণি, উপশ্রেণি, দফা, উপদফা এবং বিস্তারিত অর্থনৈতিক লেনদেন নির্দেশ করে।

**২.১ রাজস্ব হিসাব:**

সংযুক্ত তহবিলের প্রতিটি বিভাগের অন্তর্গত লেনদেনসমূহকে পর্যায়ক্রমে শ্রেণি ও উপ-শ্রেণিতে বিভক্ত করা হয়েছে।

**২.১.১ রাজস্ব হিসাব-প্রাপ্তিসমূহ:**

সরকারি প্রাপ্তির লেনদেনসমূহকে পাঁচটি শ্রেণিতে ভাগ করা হয়েছে, যা পুনরায় প্রয়োজনীয় সংখ্যক উপশ্রেণিতে বিভক্ত।

**সারণি ১ - সরকারি প্রাপ্তির শ্রেণিবিভাগ**

| কোড | শ্রেণি | কোড | উপশ্রেণি |
|---|---|---|---|
| ১১ | করসমূহ | ১১১ | আয়, মুনাফা এবং মুলধনের ওপর কর |
| | | ১১২ | বেতন ও কর্মীবাহিনীর ওপর কর |
| | | ১১৩ | সম্পত্তির ওপর কর |
| | | ১১৪ | পণ্য ও সেবার ওপর কর |
| | | ১১৫ | আন্তর্জাতিক বাণিজ্য ও লেনদেনের ওপর কর |
| | | ১১৬ | অন্যান্য করসমূহ |
| ১২ | সামাজিক অবদান | ১২১ | সামাজিক নিরাপত্তা অবদান |
| | | ১২২ | অন্যান্য সামাজিক অবদান |
| ১৩ | অনুদান | ১৩১ | বৈদেশিক সরকার থেকে প্রাপ্ত অনুদান |
| | | ১৩২ | আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত অনুদান |
| | | ১৩৩ | অন্যান্য সাধারণ সরকারি প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত অনুদান |
| ১৪ | অন্যান্য রাজস্ব | ১৪১ | সম্পত্তি আয় |
| | | ১৪২ | পণ্য ও সেবা বিক্রয় |
| | | ১৪৩ | জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ |
| | | ১৪৪ | স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় |
| | | ১৪৫ | অজীবনবীমা ও প্রমিত গ্যারান্টি স্কিম সম্পর্কিত প্রিমিয়াম, ফি ও দাবি |

| | | | |
|---|---|---|---|
| ২১ | অ-আর্থিক সম্পদ বিক্রয় | ২১১ | স্থায়ী পরিসম্পদ বিক্রয় |
| | | ২১২ | তালিকাভুক্ত মালামাল বিক্রয় |
| | | ২১৩ | মূল্যবান দ্রব্য বিক্রয় |
| | | ২১৪ | অউৎপাদিত পরিসম্পদ বিক্রয় |

উল্লেখ্য, বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক ইস্যুকৃত বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS) অনুযায়ী সরকারি প্রাপ্তিকে দুইটি প্রধান ভাগে ভাগ করা হয় যার মধ্যে ধরন-১: রাজস্ব প্রাপ্তি ও ধরন-২: মূলধন প্রাপ্তি নির্দেশ করে। সংবিধানের নির্দেশনা অনুযায়ী ঋণ হতে প্রাপ্ত অর্থ এবং ঋণ ও অগ্রিম থেকে আদায়কৃত অর্থ ব্যতীত সংযুক্ত তহবিলের অন্যান্য সকল প্রাপ্তিসমূহ রাজস্ব হিসাবের অন্তর্ভুক্ত। সুতরাং সামাজিক অবদান (social contributions) ও অনুদান (grants) হতে প্রাপ্ত অর্থ রাজস্ব প্রাপ্তি হিসেবে বিবেচিত।

### ২.১.২ রাজস্ব হিসাব-ব্যয়সমূহ:

শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুযায়ী রাজস্ব ব্যয়সমূহকে অর্থনৈতিক সেগমেন্ট এর ধরন-৩ এর অধীন শ্রেণিভুক্ত করা হয়, যা আবর্তক ব্যয় হিসেবে বিবেচিত। অধিকন্তু, এই ব্যয়সমূহকে নিম্নোক্ত ১৩টি বাজেট খাতে শ্রেণিবিন্যাস করা হয়েছেঃ

১) জনসেবা,
২) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন,
৩) প্রতিরক্ষা সেবা,
৪) জনশৃঙ্খলা ও নিরাপত্তা,
৫) শিক্ষা ও প্রযুক্তি,
৬) স্বাস্থ্য,
৭) সামাজিক সুরক্ষা ও কল্যাণ,
৮) গৃহায়ন,
৯) বিনোদন, সংস্কৃতি ও ধর্ম,
১০) বিদ্যুৎ ও শক্তি,
১১) কৃষি,
১২) শিল্প ও অর্থনৈতিক কার্যক্রম এবং
১৩। পরিবহন ও যোগাযোগ।

উল্লিখিত ১৩টি বাজেট খাত থেকে পরিশোধিত সুদ-এর হিসাব আলাদাভাবে দেখানো হয়েছে, যা রাজস্ব ব্যয় হিসেবে বিবেচনা করা হয়। *বাজেট খাতসমূহ সরকারের অনুমোদন স্বাপেক্ষে হ্রাস বৃদ্ধি হতে পারে।*

### ২.২ মূলধন হিসাব:

শ্রেণিবিন্যাস পদ্ধতির অর্থনৈতিক সেগমেন্টর ধরন-৪ এর অধীন মূলধন ব্যয়সমূহকে বিন্যাস করা হয়েছে। সুনির্দিষ্ট নির্ণায়কের ওপর ভিত্তি করে ব্যয়সমূহকে রাজস্ব অথবা মূলধন ব্যয় হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়। মূলধন ব্যয় নির্ধারণের নির্ণায়কসমূহ নিম্নরুপ:

ক) ভৌত ও স্থায়ী সম্পদ বৃদ্ধি অথবা আবর্তক দায় হ্রাসের জন্য সংঘটিত ব্যয়সমূহকে মূলতঃ মূলধন ব্যয় হিসেবে বিবেচনা করা হয়।

খ) বাজেট প্রাক্কলন এবং সরকারি হিসাব উভয় ক্ষেত্রেই রাজস্ব ব্যয় থেকে মূলধন ব্যয়কে পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে।

গ) উপরে সংজ্ঞায়িত মূলধন প্রকৃতির ব্যয়সমূহকে সরকারি হিসাবে মূলধন ব্যয় হিসেবে ততক্ষণ শ্রেণিবদ্ধ করা যায় না যতক্ষণ না সাধারণ বা বিশেষ আদেশের মাধ্যমে সুস্পষ্টভাবে এর অনুমোদন প্রদান করা হয়।

মূলধন ব্যয়সমূহকে নিম্নলিখিত উপশ্রেণিসমূহে বিভক্ত করা হয়েছে:

**সারণি ২- সরকারি মূলধন ব্যয়ের শ্রেণিবিভাগ**

| কোড | ধরণ | কোড | উপশ্রেণি |
|---|---|---|---|
| ৪ | মূলধন | ৪১১ | স্থায়ী পরিসম্পদ |
| | | ৪১২ | তালিকাভুক্ত মালামাল |
| | | ৪১৩ | মূল্যবান দ্রব্যাদি |
| | | ৪১৪ | অউৎপাদিত পরিসম্পদ (Non-produced Asset) |
| | | ৪২১ | প্রকল্পের মূলধন ব্যয় |
| | | ৪৯১ | সংরক্ষিত |

## ২.৩ ঋণ (সরকারি দেনা এবং ঋণ ও অগ্রিমসমূহ):

সংযুক্ত তহবিলের তৃতীয় অংশ ঋণ বিভাগ ‘সরকারি দেনা’ এবং ‘ঋণ ও অগ্রিম’ এ দু’টি অংশে বিভক্ত। ‘সরকারি দেনা’ অংশে সরকার কর্তৃক গৃহীত ঋণ এবং ঋণ পরিশোধ অন্তর্ভুক্ত, যথা-অভ্যন্তরীণ দায়, বৈদেশিক দায় ইত্যাদি। অর্থনৈতিক সেগমেন্টের ধরন - ৮ এর অধীন ‘সরকারি দেনা’ সম্পর্কিত লেনদেনসমূহ শ্রেণিবিন্যাস করা হয়েছে। উল্লেখ্য, অর্থনৈতিক সেগমেন্টের অন্তর্ভুক্ত ‘শ্রেণি ৮১-অভ্যন্তরীণ দায়’ এর অধীন ‘উপশ্রেণি ৮১১-মুদ্রা ও জামানত’ এবং ‘উপশ্রেণি ৮১৭-অন্যান্য প্রদেয় হিসাব’ শুধুমাত্র প্রজাতন্ত্রের সরকারি হিসাবের জমা ও দেনাকে নির্দেশ করে। অতএব ‘সরকারি দেনা’ অংশটি নিম্নোক্ত শ্রেণি ও উপশ্রেণিতে বিভক্ত:

**সারণি ৩- সরকারি ঋণের শ্রেণিবিভাগ**

| কোড | শ্রেণি | কোড | উপশ্রেণি |
|---|---|---|---|
| ৮১ | অভ্যন্তরীণ দায় | ৮১২ | ঋণ সংগ্রহের সিকিউরিটিসমূহ (Debt Securities) |
| | | ৮১৩ | ঋণ |
| | | ৮১৪ | ইক্যুইটি/সমমূলধন ও তহবিল/শেয়ারে বিনিয়োগ |
| | | ৮১৫ | বিমা, পেনশন ও প্রমিত গ্যারান্টি স্কিম |
| | | ৮১৬ | ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস এন্ড এমপ্লয়ি স্টক অপশন |
| | | ৮১৭ | অন্যান্য প্রদেয় হিসাব |
| ৮২ | বৈদেশিক দায় | ৮২১ | মুদ্রা ও জামানত |
| | | ৮২২ | ঋণ সংগ্রহের সিকিউরিটিসমূহ |
| | | ৮২৩ | ঋণ |
| | | ৮২৪ | ইক্যুইটি/সমমূলধন ও তহবিল/শেয়ারে বিনিয়োগ |
| | | ৮২৫ | বিমা, পেনশন ও প্রমিত গ্যারান্টি স্কিম |
| | | ৮২৬ | ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস এন্ড এমপ্লয়ি স্টক অপশন |

| | | | |
|---|---|---|---|
| | | ৮২৭ | অন্যান্য প্রদেয় হিসাব |

এতদ্ব্যতীত ‘ঋণ ও অগ্রিম’ অংশে সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম এবং প্রদত্ত ঋণ ও অগ্রিম এর বিপরীতে আদায়কৃত অর্থ অন্তর্ভুক্ত রয়েছে। অর্থনৈতিক সেগমেন্টর ধরন-৭ এর অধীন ‘ঋণ ও অগ্রিম’ সম্পর্কিত লেনদেনসমূহকে শ্রেণিবিন্যাস করা হয়েছে। সুনির্দিষ্টভাবে বলা যায়, ‘শ্রেণি ৭১-পরিসম্পদ’ ভৌত অথবা স্থায়ী পরিসম্পদ ও অস্পর্শনীয় (intangible) পরিসম্পদ এবং ‘শ্রেণি ৭২-আর্থিক পরিসম্পদ’ ঋণ ও অগ্রিম সম্পর্কিত লেনদেনসমূহেকে নির্দেশ করে। শ্রেণি-৭২ এর মধ্যে ‘উপশ্রেণি ৭২১-অভ্যন্তরীন আর্থিক পরিসম্পদ’ ও ‘উপশ্রেণি ৭২২-বৈদেশিক আর্থিক পরিসম্পদ’ অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখ্য, দফা-৭২১২ ও দফা-৭২১২ নগদ ও নগদ সমতুল্য (cash equivalent) পরিসম্পদের সাথে সম্পর্কিত যা ‘ঋণ ও অগ্রিম’-এর অন্তর্ভুক্ত নয়।

**সারণি ৪- আর্থিক পরিসম্পতের শ্রেণিবিভাগ**

| কোড | শ্রেণি | কোড | উপশ্রেণি |
|---|---|---|---|
| ৭২ | আর্থিক পরিসম্পদ | ৭২১ | অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ |
| | | ৭২২ | বৈদেশিক আর্থিক পরিসম্পদ |

## ২.৪ দেনা (তৃতীয় বিভাগের দেনা ব্যতীত), জামানত ও অগ্রিমসমূহ:

সংযুক্ত তহবিলে জমাযোগ্য সরকারি অর্থ ব্যতীত সরকার কর্তৃক অথবা সরকারের পক্ষে সংগৃহীত অন্যান্য সকল অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা প্রদান করা হয়। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের লেনদেনের জন্য সরকার শুধুমাত্র একজন ব্যাঙ্কারের ন্যায় দায়িত্ব পালন করেন। সরকার এ অর্থের মালিক নন এবং নির্দিষ্ট সময় পর এ তহবিলের অর্থ প্রকৃত মালিকদের ফেরৎ প্রদান করা হয়। অতএব প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমাকৃত তহবিল মূলতঃ সরকারের দায় হিসেবে বিবেচিত। এমতাবস্থায় এ অর্থ ঋণ, জমা

অথবা অগ্রিম যে হিসেবেই সংগৃহীত হোক না কেন সরকার শুধুমাত্র একজন ট্রাস্টির দায়িত্ব পালন করেন।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, অর্থনৈতিক সেগমেন্টের ধরন-৮ সরকারি দায়কে নির্দেশ করে। ধরন-৮ এর অধীন 'উপশ্রেণি ৮১১-মুদ্রা ও জামানত' এবং 'উপশ্রেণি ৮১৭-অন্যান্য প্রদেয় হিসাব' প্রজাতন্ত্রের সরকারি হিসাবের সাথে সম্পর্কিত। এছাড়াও 'উপশ্রেণি ৮১৭-অন্যান্য প্রদেয় হিসাব' এর মধ্যে 'দফা ৮১৭৩-অন্যান্য নিশ্চিত হিসাব' রেমিটেন্স বিভাগের জন্য সংরক্ষিত। দেনা, জামানত এবং অগ্রিম বিভাগকে নিম্নোক্ত উপশ্রেণিতে বিভক্ত করা হয়েছে:

**সারণি ৫- দেনা (তৃতীয় বিভাগের দেনা ব্যতীত) জামানত ও অগ্রিমের শ্রেণিবিভাগ**

| কোড শ্রেণি | কোড উপশ্রেণি |
|---|---|
| ৮১১ মুদ্রা ও জামানত | ৮১১১ জাতীয় সঞ্চয়পত্রসমূহ |
| | ৮১১২ জামানত (সুদযুক্ত) |
| | ৮১১৩ জামানত (সুদবিহীন) |
| ৮১৭ অন্যান্য দেয় হিসাব | ৮১৭১ ট্রেড ক্রেডিট ও অগ্রিম |
| | ৮১৭২ বিবিধ অন্যান্য প্রদেয় হিসাব |

## ২.৫ রেমিটেন্স হিসাব:

দেনা, জামানত ও অগ্রিম ছাড়াও প্রজাতন্ত্রের সরকারি হিসাবে শুধুমাত্র হিসাব সমন্বয়কারী বিভিন্ন প্রকার লেনদেন অন্তর্ভুক্ত রয়েছে। এই লেনদেনসমূহকে রেমিটেন্স হিসাবের অধীনে শ্রেণিবদ্ধ করা হয়। এক হিসাব সার্কেল থেকে অন্য হিসাব সার্কেলে অথবা এক স্ব-হিসাবরক্ষণকারী সংস্থা [Self Accounting Entity (SAE)] হতে অন্য স্ব-হিসাবরক্ষণকারী সংস্থায় অর্থ স্থানান্তরের লেনদেনসমূহ এই হিসাবের অন্তর্ভুক্ত। অর্থনৈতিক সেগমেন্টের ধরন-৮ এর মধ্যে রেমিটেন্স হিসাব সম্পর্কিত লেনদেনসমূহ 'দফা ৮১৭৩-অন্যান্য অনিশ্চিত হিসাব' এর আওতাভুক্ত । রেমিটেন্স হিসাবে নিম্নোক্ত লেনদেনসমূহ অন্তর্ভুক্ত রয়েছে:

**সারণি ৬ - রেমিটেন্স বা প্রেরিত অর্থের হিসাব**

| কোড | উপদফা |
| --- | --- |
| ৮১৭৩১ | বিভাগীয় অনিশ্চিত হিসাব |
| ৮১৭৩২ | চালান রেমিটেন্স |
| ৮১৭৩৩ | বিভাগীয় চেক রেমিটেন্স |
| ৮১৭৩৪ | আন্তঃবিভাগ স্থানান্তর |
| ৮১৭৩৫ | ক্যাশ ও ব্যাংক রেমিটেন্স |
| ৮১৭৩৬ | সিজিএ ও সিজিডিএফ-এর হিসাবের মধ্যে বিনিময় হিসাব |
| ৮১৭৩৭ | সিজিএ ও রেলওয়ে-এর হিসাবের মধ্যে সমন্বয় হিসাব |

# বিবরণী-১:
# নগদ প্রাপ্তি ও পরিশোধ
## (৩০ জুন 2022 তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য)

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| বিবরণ | | নোটসমূহ | 2021 - 2022 | 2020 - 2021 |
|---|---|---|---|---|
| | | | প্রাপ্তি/(পরিশোধ) | প্রাপ্তি/(পরিশোধ) |
| **প্রাপ্তিসমূহ** | | | | |
| **অর্থনৈতিক কোড** | **কর রাজস্ব** | 3.0 | **299585,46,69** | **269803,60,50** |
| 111 | আয়, মুনাফা এবং মূলধনের ওপর কর | | 96123,74,88 | 87345,55,22 |
| 113 | সম্পত্তি কর | | 859,65,17 | 916,99,60 |
| 114 | পণ্য ও সেবা কর | | 164365,20,94 | 146533,07,94 |
| 115 | আন্তর্জাতিক বাণিজ্য ও লেনদেনের ওপর কর | | 34369,10,33 | 31592,29,91 |
| 116 | অন্যান্য করসমূহ | | 3867,75,37 | 3415,67,83 |
| | | | | |
| | **মঞ্জুরি, অনুদান ও অন্যান্য সাহায্য** | 4.0 | **2321,81,94** | **2348,23,11** |
| 131 | বৈদেশিক সরকার থেকে প্রাপ্ত অনুদান | | 2321,81,94 | 2348,23,11 |
| 132 | আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত অনুদান | | 0 | 0 |
| | | | | |
| | **অন্যান্য রাজস্বসমূহ** | 5.0 | **33552,50,87** | **58098,15,42** |
| 141 | সম্পত্তি আয় | | 11241,37,96 | 14023,38,92 |
| 142 | পণ্য ও সেবা বিক্রয় | | 9903,44,40 | 7740,10,35 |

| | | | | |
|---|---|---|---|---|
| | (রাষ্ট্রীয় বাণিজ্য ব্যতীত) | | | |
| 143 | জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ | | 1093,89,75 | 893,89,16 |
| 144 | স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | | 11313,78,76 | 35440,76,99 |
| | | | | |
| | **রাষ্ট্রীয় বাণিজ্যিক কার্যক্রম** | 5.1 | **2189,94,59** | **1376,06,52** |
| 142 | পণ্য ও সেবা বিক্রয় [1] | | 2189,94,59 | 1376,06,52 |
| | | | | |
| | **মূলধন প্রাপ্তিসমূহ** | 7.0 | **11629,86,13** | **8038,37,47** |
| 142 | পণ্য ও সেবা বিক্রয় (খাদ্য পণ্য বিক্রয়) [1] | | 11329,83,51 | 7792,46,24 |
| 211 | স্থায়ী পরিসম্পদ বিক্রয় | | 16,01,17 | 13,71,27 |
| 214 | অ-উৎপাদিত পরিসম্পদ বিক্রয় | | 284,01,45 | 232,19,96 |
| | | | | |
| | **আর্থিক পরিসম্পদ বিক্রয়** | 8.1 | **27086,60,44** | **22691,00,03** |
| 721 | অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ বিক্রয় | | 27086,60,44 | 22691,00,03 |
| | | | | |
| | **ঋণ গ্রহণ** | 9.0 | **1267865,44,83** | **1115658,52,25** |
| 811 | মুদ্রা ও জামানত | | 155029,10,84 | 154874,64,24 |
| 812 | দেনা অর্থপত্র/ঋণ সংগ্রহণের সিকিউরিটি | | 218638,03,25 | 191552,81,59 |
| 813 | ঋণ | | 29229,01,00 | 20732,64,00 |

[1] বাংলাদেশ রেলওয়ে এবং বাংলাদেশ পোস্ট অফিস সংশ্লিষ্ট রাষ্ট্রীয় বাণিজ্যিক কার্যক্রমের আয়ের হিসাব এর অন্তর্ভূক্ত।
[2] খাদ্য অধিদপ্তর কর্তৃক বিক্রয়কৃত খাদ্যদ্রব্য হতে অর্জিত অর্থ মূলধন আয় এর অন্তর্ভূক্ত।

| | | | | |
|---|---|---|---|---|
| 817 | অন্যান্য প্রদেয় হিসাব | | 786646,33,84 | 690747,26,01 |
| 823 | বৈদেশিক ঋণ | | 78322,95,90 | 57751,16,41 |
| | | | | |
| **মোট প্রাপ্তি** | | | **1644231,65,49** | **1478013,95,30** |

| বিবরণ | | নোটসমূহ | 2021 - 2022 | 2020 - 2021 |
|---|---|---|---|---|
| | | | প্রাপ্তি/(পরিশোধ) | প্রাপ্তি/(পরিশোধ) |
| **পরিশোধসমূহ** | | | | |
| **অর্থনৈতিক কোড** | **আবর্তক ব্যয়** | 10.0 | **114760,94,18** | **103232,34,17** |
| 31 | কর্মচারীদের প্রতিদান | | 63505,53,67 | 59699,94,71 |
| 32 | পণ্য ও সেবার ব্যবহার | | 51255,40,51 | 43532,38,86 |
| 39 | সংরক্ষিত | | 0 | 60 |
| | | | | |
| | **স্থানান্তর** | 10.3 | **123110,24,51** | **100603,58,76** |
| 35 | ভর্তুকি | | 42706,10,82 | 27850,69,49 |
| 36 | অনুদান | | 39116,76,02 | 36458,75,47 |
| 37 | সামাজিক সুবিধাদি | | 41287,37,67 | 36294,13,80 |
| | | | | |
| | **আর্থিক ও অ-আর্থিক মূলধন ব্যয়** | | **212674,54,35** | **190347,78,24** |
| 41 | অ-আর্থিক পরিসম্পদ | 11.0 | 116236,34,86 | 104311,48,74 |
| 42 | প্রকল্পের জন্য মূলধন ব্যয় | 11.0 | 63364,99,53 | 41548,17,37 |

| | | | | |
|---|---|---|---|---|
| 49 | সংরক্ষিত | | 0 | 0 |
| 72 | আর্থিক পরিসম্পদ (ক্রয়) | 8.0 | 33073,19,96 | 44488,12,13 |
| | | | | |
| | **সুদ এবং ঋণ পরিশোধ** | 12.0 | **1173623,95,98** | **1034231,90,01** |
| 34 | সুদ পরিশোধ | | 77793,04,36 | 70617,34,96 |
| 811 | মুদ্রা ও জামানত | | 109939,71,36 | 91947,43,32 |
| 812 | দেনা অর্থপত্র/ঋণ সংগ্রহণের সিকিউরিটি | | 143832,36,44 | 152375,69,99 |
| 813 | ঋণ | | 28502,15,00 | 27236,87,00 |
| 817 | অন্যান্য দেয় হিসাব | | 800254,63,69 | 680036,82,53 |
| 823 | বৈদেশিক ঋণ | | 13302,05,13 | 12017,72,21 |
| | | | | |
| | **অন্যান্য পরিশোধ** | 13.0 | **22833,21,85** | **19838,35,80** |
| 380 | অন্যান্য ব্যয় | | 22833,21,85 | 19838,35,80 |
| | | | | |
| **মোট পরিশোধ** | | | **1647002,90,87** | **1448253,96,98** |
| | নগদ অর্থ বৃদ্ধি/(হ্রাস) | | -2771,25,38 | 29759,98,32 |
| প্রারম্ভিক স্থিতি | | | 94101,46,08 | 64341,47,76 |
| সমাপনী স্থিতি | | | 91330,20,70 | 94101,46,08 |

# বিবরণী-২:

# বাজেট ও প্রকৃত আয়/ব্যয়ের তুলনা

## (৩০ জুন 2022 তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য)

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | নোটসমূহ | প্রকৃত আয়/ব্যয় | চূড়ান্ত বরাদ্দ | মূল বরাদ্দ | বাজেট ও প্রকৃত আয়/ব্যয়ের তুলনা (%) |
|---|---|---|---|---|---|---|
| | **A. নগদ আন্তঃপ্রবাহ** | | | | | |
| ১১ | কর | 3.0 | 346001,48,54 | 346002,83,08 | 299585,46,68 | 86.58 |
| 13 | অনুদান | 4.0 | 3489,75,00 | 3191,95,25 | 2321,81,94 | 72.74 |
| 14 | অন্যান্য রাজস্ব | 5.0 | 55144,05,77 | 56955,27,76 | 35742,45,46 | 62.76 |
| 21 | অ-আর্থিক পরিসম্পদ বিক্রয় | 7.0 | 329,00,71 | 324,89,21 | 11629,86,13 | 3579.61 |
| 72 | আর্থিক সম্পদ | 8.0 | 5068,26,70 | 5021,12,86 | 27086,60,44 | 539.45 |
| 81 | অভ্যন্তরীণ দায় | 9.1 | 365484,05,00 | 379595,55,00 | 386118,59,26 | 101.72 |
| 82 | বৈদেশিক দায় | 9.2 | 117025,24,98 | 96648,84,00 | 78322,95,90 | 81.04 |
| **মোটঃ নগদ আন্তঃপ্রবাহ** | | | **892541,86,70** | **887740,47,16** | **840807,75,81** | **94.71** |
| | | | | | | |
| **বাজেট খাত** | **B. নগদ বহিঃপ্রবাহ** | | | | | |
| 01 | জনসেবা | | 392410,45,98 | 391620,69,83 | 342336,00,25 | 87.42 |
| 02 | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন | | 43616,38,31 | 44132,40,60 | 40535,31,36 | 91.85 |
| 03 | প্রতিরক্ষা সেবা | | 38951,54,50 | 38660,83,06 | 37909,41,46 | 98.06 |
| 04 | জনশৃঙ্খলা ও নিরাপত্তা | | 30032,00,10 | 29695,32,75 | 27249,30,45 | 91.76 |
| 05 | শিক্ষা ও প্রযুক্তি | | 96108,23,82 | 89228,75,67 | 77290,18,82 | 86.62 |
| 06 | স্বাস্থ্য | | 33474,55,00 | 33024,34,00 | 25670,82,04 | 77.73 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 07 | সামাজিক সুরক্ষা ও কল্যাণ | | 48762,89,70 | 52280,69,59 | 48974,28,22 | 93.68 |
| 08 | গৃহায়ন | | 7005,31,00 | 7502,93,90 | 8502,15,37 | 113.32 |
| 09 | বিনোদন, সংস্কৃতি ও ধর্ম | | 5016,72,00 | 5485,44,94 | 5154,72,81 | 93.97 |
| 10 | বিদ্যুৎ ও শক্তি | | 27487,33,00 | 24521,56,31 | 24861,99,70 | 101.39 |
| 11 | কৃষি | | 32644,26,19 | 35912,04,82 | 36703,04,88 | 102.20 |
| 12 | শিল্প ও অর্থনৈতিক কার্যক্রম | | 4051,12,00 | 4529,74,08 | 3830,34,77 | 84.56 |
| 13 | পরিবহন ও যোগাযোগ | | 73323,98,00 | 68801,53,70 | 65350,67,00 | 94.98 |
| | প্রদত্ত সুদ [3] | 5.0 | 68609,05,50 | 71298,12,24 | 77793,04,36 | 109.11 |
| **মোট বহিঃপ্রবাহ** | | | **901493,85,10** | **896694,45,49** | **822161,31,49** | **91.69** |
| **নিট নগদ প্রবাহ (ক-খ)** | | | | | **18646,44,32** | |

[3] অভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের বিপরীতে প্রদত্ত সুদের হিসাব বাজেট খাত নং-১ সাধারণ জনসেবা এর অধীন একটি উপখাত, যা এখানে পৃথকভাবে দেখানো হয়েছে।

# বিবরণী-৩:
# সরকারি হিসাবসমূহের সামগ্রিক প্রাপ্তি ও পরিশোধ
## (৩০ জুন 2022 তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য)

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | নোট | প্রাপ্তিসমূহ | প্রকৃত প্রাপ্তি | | অর্থনৈতিক কোড | নোট | পরিশোধ | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | **সংযুক্ত তহবিল** | | | | |
| | | | | **রাজস্ব হিসাব** | | | | |
| | | প্রাপ্তিসমূহ | | | | | পরিশোধসমূহ | |
| **কর রাজস্ব** | | | **299585,46,69** | | **পরিচালন আবর্তক ব্যয়** | | | **303084,84,40** |
| 111 | 3.0 | আয়, মুনাফা ও মূলধনী লাভের ওপর কর | 96123,74,88 | | 31 | 10.1 | কর্মচারীদের প্রতিদান | 62856,12,23 |
| | | | | | 32 | | পণ্য ও সেবার ব্যবহার | 31773,96,85 |
| 113 | | সম্পত্তির ওপর কর | 859,65,17 | | 34 | 10.2 | সুদ | 77778,95,14 |
| 114 | | পণ্য ও সেবা কর | 164365,20,94 | | 35 | 10.3 | ভর্তুকি | 37350,34,10 |
| 115 | | আন্তর্জাতিক বাণিজ্য ও লেনদেনের ওপর কর | 34369,10,33 | | 36 | | অনুদান | 37737,29,66 |
| 116 | | অন্যান্য কর | 3867,75,37 | | 37 | | সামাজিক সুবিধাদি | 39478,31,74 |
| **অনুদান** | | | **2321,81,94** | | 38 | 13.0 | অন্যান্য ব্যয় | 16109,84,68 |
| 131 | 4.0 | বৈদেশিক সরকার থেকে প্রাপ্ত অনুদান | 2321,81,94 | | 39 | | সংরক্ষিত | 0 |
| 132 | | আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত অনুদান | 0 | | | | | |
| **অন্যান্য রাজস্ব** | | | **35742,45,46** | | | | | |
| 141 | 5.0 | সম্পত্তি আয় | 11241,37,96 | | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 142 | | পণ্য ও সেবা বিক্রয় [4] | 12093,38,99 | | | | |
| 143 | | জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ | 1093,89,75 | | | | |
| 144 | | স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | 11313,78,76 | | | | |
| | | | | | | | |
| ক. **মোট প্রাপ্তি** (রাজস্ব হিসাব) | | | **337649,74,09** | | খ. **মোট ব্যয়** (রাজস্ব হিসাব) [1] | | **303084,84,40** |

| অর্থনৈতিক কোড | নোট | প্রাপ্তিসমূহ | প্রকৃত প্রাপ্তি | | অর্থনৈতিক কোড | নোট | পরিশোধ | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|---|
| **মূলধন ও অন্যান্য ব্যয় এবং এর উৎস** | | | | | | | | |
| তহবিলের প্রধান উৎস | | | | | রাজস্ব হিসাব বহির্ভূত মূলধন ও অন্যান্য ব্যয় | | | |
| | গ. রাজস্ব উদ্বৃত্ত (ক-খ) | | **34564,89,69** | | | ঘ. পরিচালন মূলধন ব্যয় | | **17657,43,15** |
| | রাজস্ব উদ্বৃত্ত | | 34564,89,69 | | 411 | 11.0 | স্থায়ী পরিসম্পদ | 16365,57,01 |
| | ঙ. মূলধন প্রাপ্তি | | **300,02,62** | | 412 | | তালিকাভুক্ত মালামাল | 390,29,65 |
| 211 | 7.00 | স্থায়ী পরিসম্পদ বিক্রয় | 16,01,17 | | 413 | | মূল্যবান দ্রব্যাদি | 26,13 |
| 214 | | অ-উৎপাদিত পরিসম্পদ বিক্রয় | 284,01,45 | | 414 | | অ-উৎপাদিত পরিসম্পদ | 901,30,36 |
| | | | | | 421 | | পৃকল্প মূলধন ব্যয় | 0 |
| | | | | | | চ. রাষ্ট্রীয় বাণিজ্য | | **7077,40,73** |
| | | | | | | | খাদ্য হিসাব (নিট/সমন্বয়) | 7077,40,73 |
| | | | | | | ছ. উন্নয়ন ব্যয় [6] | | 189875,13,75 |
| | | | | | | 14.1 | বার্ষিক উন্নয়ন কর্মসূচি | 183830,14,97 |
| | | | | | | 14.2 | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প ও স্কিম | 6044,98,78 |

[4] খাদ্যদ্রব্য বিক্রয় বাবদ আয় ব্যতীত।

[5] খাদ্য হিসাব সংশ্লিষ্ট রাজস্ব ব্যয় ব্যতীত।

[6] উন্নয়ণ ব্যয়ের মধ্যে এডিপি ও এডিপি বহির্ভূত প্রকল্প ও স্কিমের আবর্তক ব্যয়, মূলধন ব্যয় এবং আর্থিক সম্পদের নিট স্থিতি অন্তর্ভূক্ত।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | জ. আর্থিক পরিসম্পদ | | **8023,17,18** | | ঝ. আর্থিক পরিসম্পৎ | | **3083,90,46** |
| 721 | 8.1 | অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ | 8023,17,18 | 721 | 8.1 | অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পৎ | 3083,90,46 |
| ঞ. ঋণ ব্যতীত প্রাপ্ত তহবিল (গ+ঙ+জ) | | | **42888,09,49** | | | | |
| | ট. সরকারি ঋণ গ্রহণ | | **326190,00,15** | | ঠ. সরকারি ঋণ অবমুক্তকরণ | | **185636,56,57** |
| | অভ্যন্তরীণ দায় | | | | অভ্যন্তরীণ দায় | | |
| 812 | 9.1 | দেনা অর্থপত্র | 218638,03,25 | 812 | 9.1 | দেনা অর্থপত্র | 143832,36,44 |
| 813 | | ঋণ | 29229,01,00 | 813 | | ঋণ | 28502,15,00 |
| | বৈদেশিক দায় | | | | বৈদেশিক দায় | | |
| 823 | 9.2 | বৈদেশিক ঋণ | 78322,95,90 | 823 | 9.2 | বৈদেশিক ঋণ | 13302,05,13 |
| ড. সংযুক্ত তহবিলে লভ্য অর্থ (ঞ+ট) | | | **369078,09,64** | ঢ. মূলধন ও অন্যান্য ব্যয় (ঘ+চ+ছ+ঝ+ঠ) | | | **403330,44,66** |
| ণ. সংযুক্ত তহবিলে মোট প্রাপ্তি (ক+ঙ+জ+ট) | | | **672162,94,04** | ত. সংযুক্ত তহবিলের মোট পরিশোধ (খ+ঢ) | | | **706415,29,06** |

| **অর্থনৈতিক কোড** | **নোট** | **প্রাপ্তিসমূহ** | **প্রকৃত প্রাপ্তি** | **অর্থনৈতিক কোড** | **নোট** | **পরিশোধ** | **প্রকৃত ব্যয়** |
|---|---|---|---|---|---|---|---|
| **প্রজাতন্ত্রের সরকারি হিসাব** | | | | | | | |
| **অন্যান্য দায়** | | | | | | | |
| | থ. ঋণ গ্রহণ | | **108917,78,77** | | দ. ঋণ অবমুক্ত | | **88657,37,31** |
| 8111 | 15.1 | জাতীয় সঞ্চয়পত্রসমূহ | 108917,78,77 | 8111 | 15.1 | জাতীয় সঞ্চয় পত্রসমূহ | 88657,37,31 |
| | ধ. জামানত গ্রহণ | | **46111,32,07** | | ন. জামানত পরিশোধ | | **21282,34,05** |
| 8112 | 15.2 | জামানত (সুদযুক্ত) | 12590,74,77 | 8112 | 15.2 | জামানত (সুদযুক্ত) | 5810,76,37 |
| 8113 | | জামানত (সুদবিহীন) | 33520,57,30 | 8113 | | জামানত (সুদবিহীন) | 15471,57,68 |
| | প. অগ্রিম প্রাপ্তি | | **628054,00,43** | | ফ. অগ্রিম পরিশোধ | | **622619,95,55** |
| 8172 | 15.3 | বিবিধ অন্যান্য প্রদেয় হিসাব | 628054,00,43 | 8172 | 15.3 | বিবিধ অন্যান্য প্রদেয় হিসাব | 622619,95,55 |
| রেমিটেন্স/প্রেরণ | | | | | | | |
| 81731 | 15.4 | বিভাগীয় অনিশ্চিত হিসাব | 0 | 81731 | 15.4 | বিভাগীয় অনিশ্চিত হিসাব | 0 |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 81732 | | চালান রেমিটেন্স | 81319,07,53 | 81732 | | চালান রেমিটেন্স | 97535,77,62 |
| 81733 | | বিভাগীয় চেক রিমিটেন্স | 62061,14,90 | 81733 | | বিভাগীয় চেক রিমিটেন্স | 61338,69,08 |
| 81734 | | আন্তঃবিভাগীয় স্থানান্তর | 1307,99,13 | 81734 | | আন্তঃবিভাগীয় স্থানান্তর | 1522,41,18 |
| 81735 | | নগদ ও ব্যাংক রেমিটেন্স | 323,89,36 | 81735 | | নগদ ও ব্যাংক রেমিটেন্স | 777,89,48 |
| 81736 | | বিনিময় হিসাব (সিজিডিএফ) | 13491,95,47 | 813736 | | বিনিময় হিসাব (সিজিডিএফ) | 16155,91,69 |
| 81737 | | সমন্বয় হিসাব (বাংলাদেশ রেলওয়ে) | 88,27,01 | 813737 | | সমন্বয় হিসাব (বাংলাদেশ রেলওয়ে) | 303,99,09 |
| ব. প্রজাতন্ত্রের সরকারি হিসাবে মোট প্রাপ্তি | | | **941675,44,67** | ভ. প্রজাতন্ত্রের সরকারি হিসাবের মোট পরিশোধ | | | **910194,35,05** |
| ম. প্রারম্ভিক নগদ স্থিতি | | | **94101,46,08** | য. সমাপনী নগদ স্থিতি | | | **91377,80,45** |
| 72121 | | ট্রেজারি সিঙ্গেল একাউন্ট [7] | 94101,46,08 | 72121 | | ট্রেজারি সিঙ্গেল একাউন্ট | 91377,80,45 |
| **সর্বমোট** | | | **1707939,84,79** | **সর্বমোট** | | | **1707987,44,56** |
| | | | | | | | |
| র. নগদ স্থিতি বৃদ্ধি (য-ম) | | | 0 | ল. নগদ স্থিতি হ্রাস (য-ম) | | | 2723,65,63 |
| | | | | শ. প্রজাতন্ত্রের সরকারি হিসাব থেকে নিট অর্থায়ন (ভ - ব) | | | 31481,09,62 |
| ষ. নিট আর্থিক পরিসম্পদ (ঝ-জ) | | | -4939,26,72 | | | | |
| | | | | ষ. গৃহীত নিট ঋণ | | | 140553,43,58 |
| | 2.2 | হ. সরকারে সমাপ্ত হিসাব | 924510,55,88 | | | | |

[7] ৮১ অভ্যন্তরীণ দায় অংশে শুধুমাত্র সংযুক্ত তহবিলে আন্তঃপ্রবাহ নিসদেশ করে।

# বিবরণী-৪:
# অর্থায়ন কার্যাবলীর সারসংক্ষেপ
## (৩০ জুন 2022 তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য)

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| বিবরণ | নোট | অর্থবছর 2021 - 2022 | অর্থবছর 2020 - 2021 |
|---|---|---|---|
| **রাজস্ব এবং অনুদান** | | | |
| **রাজস্ব** | 3.0 | **299585,46,68** | **269803,60,49** |
| কর রাজস্ব | | 299585,46,68 | 269803,60,49 |
| কর বহির্ভূত রাজস্ব | | 0 | 0 |
| **অনুদান** | 4.0 | **2321,81,94** | **2348,23,11** |
| **অন্যান্য রাজস্ব** | 5.0 | **35742,45,47** | **59474,21,94** |
| ***মোট রাজস্ব এবং অনুদান*** | | **337649,74,09** | **331626,05,54** |
| | | | |
| **ব্যয়** | | | |
| **পরিচালন ব্যয়** [8] | | **334344,38,61** | **298477,98,28** |
| আবর্তক ব্যয় | 10.0 | 309604,61,37 | 267209,88,76 |
| **রাজস্ব উদ্বৃত্ত** | | **28045,12,72** | **64416,16,78** |
| মূলধন ব্যয় [9] | 11.0 | 24739,77,24 | 31268,09,52 |
| **উন্নয়ন ব্যয়** [10] | 14.0 | **195127,63,17** | **169507,41,57** |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | 14.1 | 186014,59,42 | 160512,06,26 |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প ও স্কিম | 14.2 | 9113,03,75 | 8995,35,31 |
| ***মোট ব্যয়*** | | **529472,01,78** | **467985,39,85** |
| **মোট ঘাটতি** | | **-191822,27,69** | **-136359,34,31** |
| **অর্থায়ন** | | | |
| মূলধন প্রাপ্তি | 7.0 | **11629,86,13** | **8038,37,47** |
| নিট বৈদেশিক ঋণ | 9.2 | 65020,90,77 | 45733,44,20 |
| নিট অভ্যন্তরীণ ঋণ | | 115172,80,32 | 82610,16,77 |
| ব্যাংকিং খাত থেকে গৃহিত নিট ঋণ | 9.1 | 75532,52,81 | 32672,88,60 |

[8] খাদ্য হিসাব সংশ্লিষ্ট ব্যয় এর অন্তর্ভূক্ত।

[9] আবর্তক কার্যক্রম সংশ্লিষ্ট মূলধন ব্যয় এবং পরিসম্পৎ সংগ্রহ বাবদ নিট ব্যয় ([ঋণ (অর্থনৈতিক কোড -৭২১৫) এবং সমমূলধন ও বিনিয়োগ তহবিল শেয়ার (অর্থনৈতিক কোড -৭২১৬) এর অন্তর্ভক্ত।

[10] অগ্রীম ও বিবিধ অন্যান্য গৃহীতব্য হিসাব ব্যতীত।

| | | | |
|---|---|---|---|
| ব্যাংক-বহির্ভূত নিট ঋণ [11] | 15.0 | 39640,27,51 | 49937,28,17 |
| ***মোট অর্থায়ন*** | | **191823,57,22** | **136381,98,44** |

[11] মনিটারি গোল্ড ও এসডিআর ((অর্থনৈতিক কোড - 7211), মুদ্রা ও জামানত (অর্থনৈতিক কোড - 7212), অগ্রীম (অর্থনৈতিক কোড - 7213), ও অন্যান্য গৃহীতব্য হিসাব খাতে (অর্থনৈতিক কোড - 7219) প্রাপ্ত অর্থ সহ।

# বিবরণী-৫:
# স্থিতিসমূহের সারসংক্ষেপ
# (৩০ জুন 2022 তারিখে)

(অঙ্কসমূহ হাজার টাকায়)

| বিবরণ | নোট | অর্থবছর, 2022 | অর্থবছর , 2021 |
|---|---|---|---|
| | | | ডেবিট স্থিতি |
| *আর্থিক পরিসম্পদ* | | | |
| **অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ** | 8.0 | | |
| অগ্রিমসমূহ | | -23384,05,02 | -6822,18,87 |
| ঋণ | | 231259,88,64 | 227634,62,46 |
| ইক্যুইটি | | 70659,94,37 | 62911,98,06 |
| বিবিধ অন্যান্য গৃহিতব্য হিসাব | | 9389,71,33 | -1785,51,87 |
| **মোট আর্থিক পরিসম্পদ** | | **287925,49,32** | **281938,89,78** |
| ***সরকারে সমাপ্ত হিসাব*** | 2.2 | **924510,55,88** | **781313,27,09** |
| ***রেমিটেন্স*** [12] | 15.4 | **-26739,57,86** | **-42902,24,30** |
| ***নগদ স্থিতি*** | 2.3 | **146418,48,85** | **115004,11,50** |
| **সর্বমোট** | | 1332114,96,19 | 1135354,04,07 |
| | | | ক্রেডিট স্থিতি |
| *সরকারি দেনা* | | | |
| **অভ্যন্তরীণ দায় ও দেনা** | 9.1 | **405285,53,44** | **329753,00,63** |
| ***দেনা অর্থপত্র*** | 9.1.1 | **404558,22,42** | **329752,55,61** |
| ট্রেজারি বিল | | 78099,94,51 | 52344,92,89 |
| ট্রেজারি বন্ড | | 326458,27,91 | 277407,62,72 |
| ***ঋণ*** | 9.1.2 | **727,31,02** | **45,02** |
| **বৈদেশিক দায়** | 9.2 | **331792,50,58** | **266771,59,81** |
| বৈদেশিক ঋণ | | 331792,50,58 | 266771,59,81 |
| **মোট সরকারি দেনা** | | **737078,04,02** | **596524,60,44** |
| *অন্যান্য দায় ও দেনা* | | | |
| **জাতীয় সঞ্চয়পত্রসমূহ** | 15.1 | **363933,34,83** | **343672,93,36** |

[12] প্রতিরক্ষা সার্ভিসের সাথে বিনিময় হিসাব ও বাংলাদেশ রেলওয়ের সাথে সমন্বয় হিসাবের স্থিতি ব্যতীত।

| | | | |
|---|---|---|---|
| সঞ্চয়পত্রসমূহ | 15.1.1 | 301969,21,10 | 268000,84,66 |
| ডাকঘর সঞ্চয় | 15.1.2 | 43159,01,41 | 56376,59,05 |
| সঞ্চয় বন্ডসমূহ | 15.1.3 | 18805,12,32 | 19295,49,65 |
| **জামানত (সুদ যুক্ত)** | 15.2.1 | **67208,43,21** | **60428,44,82** |
| রাষ্ট্রীয় ভবিষ্য তহবিল | | 67208,43,21 | 60428,44,82 |
| **জামানত (সুদ বিহীন)** | 15.2.2 | **104105,95,09** | **86056,95,47** |
| **বিবিধ অন্যান্য প্রদেয় হিসাব** | 15.3 | 54105,14,91 | 48671,10,03 |
| **মোট অন্যান্য দায় ও দেনা** | | **589352,88,04** | **538829,43,68** |
| **সর্বমোট** | | **1326430,92,06** | **1135354,04,12** |

# আর্থিক হিসাব সংশ্লিষ্ট নোটসমূহ

## নোট ১.০ হিসাবরক্ষণ নীতিমালা বিবরণ

### ১.১ আর্থিক হিসাব প্রস্তুতির ভিত্তি

বাংলাদেশের সংবিধান এবং মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএজি) কর্তৃক নির্ধারিত অ্যাকাউন্ট কোডের বিধান ও নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং স্ট্যান্ডার্ডস (IPSAS-Cash) এর আলোকে আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

তিনটি হিসাবরক্ষণ সার্কেল এবং বিভিন্ন হিসাব সংরক্ষণকারী অফিসের (SAE) নিজস্ব অ্যাকাউন্ট কোড বা ম্যানুয়ালসমূহ সিএজি কর্তৃক নির্ধারণ করা হয়েছে অথবা তাঁর সাথে পরামর্শক্রমে প্রস্তুত করা হয়েছে।

'চলমানতা' (going concern)-এর মূলনীতি অবলম্বন করে আর্থিক বিবরণী প্রস্তুত করার উদ্দেশ্যে হিসাব মহা নিয়ন্ত্রক কর্তৃক সরকারি কার্যক্রম অর্থায়নের জন্য সরকারের কর নির্ধারিত এবং ব্যয় নিয়ন্ত্রণের ক্ষমতাকে বিবেচনা করা হয়েছে, যা নিশ্চিত করে যে সরকার তার কার্যক্রম অব্যাহত রাখতে সক্ষম।

### ১.২. হিসাবের সময়কাল

১লা জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত একটি অর্থবছরে সংঘটিত সকল লেনদেন সরকারের বার্ষিক হিসাবে লিপিবদ্ধ করা হয়। উল্লেখ্য, জুন মাসের লেনদেনের হিসাবরক্ষণ প্রক্রিয়া সম্পূর্ণ করার উদ্দেশ্যে [যেমন - আন্তঃবিভাগীয় সুনির্দিষ্ট হিসাবসমূহের মধ্যে সমন্বয় এবং বিভিন্ন ভবিষ্য তহবিল ও অনিশ্চিত খাতের হিসাব চূড়ান্তকরণ ইত্যাদি] সরকারি হিসাব পরবর্তী অর্থবছরের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত উন্মুক্ত রাখা যেতে পারে।

### ১.৩ নগদভিত্তিক হিসাব

সরকারি হিসাবে অন্তর্ভুক্ত সকল লেনদেন সংশ্লিষ্ট অর্থবছরের প্রকৃত নগদ প্রাপ্তি ও পরিশোধকে নির্দেশ করে, তবে একাউন্ট কোড-এ বিবৃত বিধান অথবা সিএজি'র সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক জারিকৃত সাধারণ বা বিশেষ আদেশবলে অনুমোদিত বুক এডজাস্টমেন্ট বা খতিয়ানভিত্তিক সমন্বয়সমূহ এর ব্যতিক্রম। এছাড়া সংশ্লিষ্ট অর্থবছরে

সরকার কর্তৃক প্রাপ্য (receivables) অথবা সরকারের কর্তৃক প্রদেয় (payables) অর্থ সরকারি হিসাবে অন্তর্ভুক্ত থাকে না।

## ১.৪ হিসাব সংকলনের ভিত্তি

সরকারের সকল প্রাপ্তি বাংলাদেশ ব্যাংক ও এর এজেন্সিসমূহে জমা প্রদান করা হয়। কতিপয় বিভাগীয় অফিস ব্যতীত, প্রাপ্তির প্রাথমিক হিসাব, হিসাব মহানিয়ন্ত্রকের নিয়ন্ত্রণাধীন হিসাবরক্ষণ কার্যালয়সমূহে সংরক্ষণ করা হয়।

নির্দিষ্ট বিভাগীয় অফিস, যেমন-পোস্ট অফিস, গণপূর্ত বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, বন বিভাগ এবং একইভাবে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য বিভাগের প্রাপ্তিসমূহ বাংলাদেশ ব্যাংক বা তার এজেন্সিতে (পরবর্তীতে ব্যাংক হিসেবে উল্লিখিত) থোক আকারে প্রদান করা হয় (বাংলাদেশ রেলওয়ে সরাসরি ব্যাংকের সাথে লেনদেন করায় এর ব্যতিক্রম) ।

সাধারণতঃ ব্যাংকের মাধ্যমে সরকারি অর্থ পরিশোধ করা হয়। তবে কোন কোন বিভাগীয় অফিসার ব্যয় নির্বাহের জন্য ব্যাংক থেকে সরাসরি থোক অর্থ উত্তোলনের ক্ষমতাপ্রাপ্ত। প্রথম ক্ষেত্রে লেনদেনের প্রাথমিক হিসাবসমূহ হিসাব মহানিয়ন্ত্রক-এর অধীনস্থ কার্যালয়ে এবং পরবর্তী ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে প্রাথমিক হিসাব সংরক্ষণ করা হয়।

প্রতিরক্ষা সার্ভিসেস এবং বাংলাদেশ রেলওয়ে ব্যতীত সকলক্ষেত্রে প্রাথমিক হিসাবসমূহ সংশ্লিষ্ট চিফ অ্যাকাউন্টস এ্যান্ড ফাইন্যান্স অফিসার (সিএএন্ডএফও) দ্বারা সঙ্কলিত হয়। বাংলাদেশ রেলওয়ে এবং প্রতিরক্ষা সার্ভিসেসের হিসাব যথাক্রমে অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব কর্মকর্তা (এফএএন্ডসিএও), বাংলাদেশ রেলওয়ে এবং কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) কর্তৃক সঙ্কলিত হয়। হিসাব মহানিয়ন্ত্রক কর্তৃক বাংলাদেশ ব্যাংক জমা হিসাবে প্রদর্শিত নগদ স্থিতির সঙ্গতিসাধন করা হয়। স্থিতিসমূহের সঙ্গতিসাধনের পর হিসাব মহানিয়ন্ত্রক সমাপ্ত সকল হিসাবগুলোকে একত্রিত করে মাসিক হিসাব সংকলন করেন যা ফিসক্যাল একাউন্টস নামেও পরিচিত।

## ১.৫ সরকারি হিসাবের মানদন্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩১ অনুচ্ছেদের আলোকে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারিকৃত একাউন্টস্

কোড এবং নগদভিত্তিক ইন্টারন্যাশনাল পাবলিক সেক্টর একাউন্টিং স্ট্যান্ডার্স (IPSAS-Cash Basis)-কে সরকারি হিসাবের মানদন্ড হিসেবে গ্রহণ করা হয়েছে।

## ১.৬ আর্থিক হিসাবের নতুন কাঠামো অনুমোদন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩১ অনুচ্ছেদের আলোকে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক আর্থিক হিসাবের কাঠামো প্রণয়ন করা হয়েছে যা একাউন্ট কোড ৪র্থ খন্ডের পরিশিষ্ট-১ এ উল্লিখিত কাঠামোর স্থলাভিষিক্ত হয়েছে। নতুন কাঠামোটি ২০১৮-১৯ অর্থবছর থেকে কার্যকর করা হয়েছে।

## ১.৭ বৈদেশিক মুদ্রা

বৈদেশিক মুদ্রায় সংঘটিত লেনদেনসমূহ সংঘটনের তারিখের কার্যকর বিনিময় হার অনুযায়ী বাংলাদেশি টাকায় রুপান্তর করা হয়। তবে বৈদেশিক মুদ্রায় প্রদর্শিত স্থিতি সকল বৈদেশিক মুদ্রা নির্বিশেষে মার্কিন ডলারে রুপান্তর করা হয়েছে।

## ১.৮ সম্পত্তি, প্ল্যান্ট ও যন্ত্রপাতি

সম্পত্তি, প্ল্যান্ট ও যন্ত্রপাতিসমূহ ক্রয়মূল্যে মূলধন ব্যয় হিসেবে হিসাবভুক্ত করা হয়। পরবর্তীতে, এ সম্পদসমূহেকে একটি পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। এ সম্পদসমূহের অবচয় নির্ধারণ বা পুর্ণমূল্যায়নকরা হয় না। ফলে সরকারি হিসাবে ক্ষয়ক্ষতি এবং ঘাটতিসমূহ পৃথকভাবে হিসাবভুক্তির প্রয়োজন না থাকলেও ক্ষতি বা ঘাটতির অবলোপন (write off) করা জরুরি। সম্পত্তি, প্ল্যান্ট ও যন্ত্রপাতিসমূহের একটি পৃথক তালিকা পরিশিষ্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সম্পত্তি, প্ল্যান্ট ও যন্ত্রপাতিসমূহের সাথে তালিকাভুক্ত মালামাল (inventories) [নোট ১.১১] স্টোর একাউন্ট'এর [একাউন্ট কোড (ভলিউম-৩) এর অনুচ্ছেদ-৬১] অধীনে সংরক্ষণ করা হয়। একাউন্ট কোড (ভলিউম-৩) এর অনুচ্ছেদ-২৩টি মজুদ মালামাল ক্রয়/অধিগ্রহণ এবং বিতরণের সাথে সম্পর্কিত।

## ১.৯ বিনিয়োগকৃত সম্পদ

স্থাবর সম্পত্তি বা অ-আর্থিক সম্পদে বিনিয়োগকেও মূলধন ব্যয় হিসেবে বিবেচনা করা হয়েছে।

## ১.১০ অবচয় এবং এমর্টাইজেশন (Amortization)

অ-আর্থিক সম্পদে জন্য অবচয় আরোপিত করা হয় না। তবে আর্থিক সম্পদের কার্যকর অর্থনৈতিক আয়ুষ্কালের মধ্যে অবশিষ্ট অনুমিত মূল্য হ্রাসের জন্য এমর্টাইজেশন ধার্য করা হয়।

## ১.১১ তালিকাভুক্ত মালামাল (Inventory)

তালিকাভুক্ত মালামালসমূহ ক্রয়মূল্যে সনাক্ত করতঃ মূলধন ব্যয় হিসেবে বিবেচনা করা হয়। নতুন শ্রেণিবিন্যাস কাঠামো অনুসারে মূলধন ব্যয়ের অধীন পাঁচ ধরনের তালিকাভূক্ত মালামাল লিপিবদ্ধ করা হয়, যথা-চলমান কাজ, তৈরি পণ্য, পুনঃবিক্রয়যোগ্য সামগ্রী, তালিকাভুক্ত সামরিক মালামাল এবং তালিকাভুক্ত ত্রাণ সামগ্রী। দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার উদ্দেশ্যে পুনঃবিক্রয়ের জন্য ক্রীত মালামালসমূহ সাধারণতঃ ভর্তুকি মূল্যে/হারে বিক্রি করা হয়। একাউন্ট কোডের অনুচ্ছেদ-২৩ (ভলিউম-৩) তালিকাভুক্ত মালামাল ক্রয়/অধিগ্রহণ এবং মজুদ মালামাল বিতরণের সাথে সম্পর্কিত।

## ১.১২ নগদ এবং নগদ সমতুল্য (Cash Equivalent)

সরকারের নগদ সম্পদ চারটি শ্রেণিতে বিভক্ত; এগুলো হল, ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট (TSA), নন-টিএসএ অ্যাকাউন্ট, ক্যাশ-ইন-হ্যান্ড, এবং ক্যাশ-ইন-ট্রানজিট। এগুলো সহজে জ্ঞাত পরিমাণ নগদ অর্থে রূপান্তরযোগ্য এবং মূল্যমান পরিবর্তনের নগণ্য ঝুকিঁ সাপেক্ষ।

## ১.১৩ পেনশন দায় (Pension Liabilities)

পেনশন দায়ের সাথে বর্তমান এবং প্রাক্তন সরকারি কর্মচারী এবং অল্প সংখ্যক অনুমোদিত সংস্থার কর্মচারীদের পেনশন পরিশোধের ব্যয় জড়িত। সরকারি অবসর স্কিম একটি সুনির্দিষ্ট অবসর সুবিধা স্কিম। এটি তহবিল সমর্থিত স্কিম নয়, অর্থাৎ অবসর সুবিধার জন্য আলাদা কোনো তহবিল নেই এবং সরকার অবসর সুবিধার অর্থ প্রদানের জন্য সরাসরি দায়বদ্ধ । ফলে অবসর সুবিধার দায় পরিচালন ব্যয় থেকে মেটানো হয়।

## ১.১৪ আর্থিক পরিসম্পদ

সরকারের দুই ধরনের আর্থিক পরিসম্পদ রয়েছে, যথা- অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ এবং বৈদেশিক আর্থিক পরিসম্পদ। অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পতের মধ্যে সরকারি

কর্মচারী এবং অন্যান্য সংস্থাকে প্রদত্ত ‘ঋণ এবং অগ্রিম’ আর্থিক বিবরণীতে আলাদাভাবে প্রদর্শিত হয়েছে।

### ১.১৫ প্রচ্ছন্ন দায় (সরকারি গ্যারান্টি)

হিসাবরক্ষণের বর্তমান প্রচলিত রীতি অনুযায়ী সরকারি গ্যারান্টির হিসাব সংরক্ষণ করা হয় না। তবে ৩০শে জুন, 2022 পর্যন্ত সক্রিয় সরকারি গ্যারান্টিসমূহের একটি তালিকা আর্থিক হিসাবের নোট-এর পরিশিষ্ট হিসেবে সংযুক্ত করা হয়েছে।

## নোট ২.০ হিসাবরক্ষণের বিশ্লেষণাত্মক ধারণা ও অভিমত

### ২.১ । সরকারি হিসাবের আওতা

সরকারের আর্থিক হিসাব সরকারি হিসাবসমূহের আওতায় সংঘটিত সমস্ত লেনদেনের সারসংক্ষেপ তুলে ধরে। বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-৮৪ এর অধীন সংজ্ঞায়িত সরকারি হিসাবসমূহের মধ্যে সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব উভয়ই অন্তর্ভুক্ত রয়েছে।

একাউন্ট কোড (ভলিউম-১) এর অনুচ্ছেদ-৫ এবং জিএফআর এর বিধি ২ (xvii) সরকারি হিসাবের আওতা এবং গঠন সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা প্রদান করে।

### ২.২ সরকারে সমাপ্ত হিসাব (Accounts Closed to Government)

প্রজাতন্ত্রের হিসাব প্রণয়ন পদ্ধতি অনুসারে যে সমস্ত স্থিতি পরবর্তী বছরে স্থানান্তর করা হয় না সেগুলোকে সরকারে সমাপ্ত (Cloased to Government) হিসাব বলা হয়। আর্থিক হিসাবে অন্তর্ভুক্ত অন্যান্য স্থিতিসমূহের সাথে সামঞ্জস্যতা আনার উদ্দেশ্যে এটি একটি সমন্বয়কারী খাত হিসেবেও ব্যবহৃত হয়। ফলে এই খাতের স্থিতি রাজস্ব এবং অন্যান্য লেনদেনের পুঞ্জিভূত ফলাফল প্রদর্শন করে যার স্থিতির পৃথক হিসাব সংরক্ষণ করা হয় না। ৩০ জুন 2022 এ ‘সরকারে সমাপ্ত’ হিসাবসমূহের’ একটি সাধারণ রূপরেখা নিচের সারণীতে প্রদর্শন করা হলো:

**ছক ২.২ সরকারে সমাপ্ত হিসাব (Accounts Closed to Government)**

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| ডেবিট | নোট | সরকারের হিসাব | নোট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| **781313,27,09** | | প্রারম্ভিক জের [13] | | |
| | | রাজস্ব প্রাপ্তি | | **349279,60,22** |
| | | কর রাজস্ব | 3.0 | 299585,46,68 |
| | | অনুদান, ও অন্যান্য সাহায্য | 4.0 | 2321,81,94 |
| | | অন্যান্য রাজস্ব | 5.0 | 35742,45,47 |
| | | মূলধন প্রাপ্তি | 7.0 | 11629,86,13 |
| 338497,44,90 | 10.0 | রাজস্ব হিসাব সংশ্লিষ্ট ব্যয় | | |
| 179601,34,40 | 11.0 | পরিচালন এবং উন্নয়ন কার্যক্রম সংশ্লিষ্ট মূলধন ব্যয় | | |
| 2663,96,22 | | বিনিময় হিসাব (সিজিএ-সিজিডিএফ) | 15.4 | |
| 215,72,08 | | সমন্বয় হিসাব (সিজিএ-রেলওয়ে) | 15.4 | |
| | | সমাপনী জের | | 953012,14,47 |
| **1302291,74,69** | | **মোট** | | **1302291,74,69** |

## ২.৩ । স্থিতিতে সমাপ্ত হিসাব (Accounts Closed to Balances)

‘সরকারে সমাপ্ত হিসাব’-এর তাৎপর্য নোট-২.২ এ ব্যাখ্যা করা হয়েছে। ‘বিবরণী ৫ স্থিতির সারসংক্ষেপ’-এ সে স্থিতিসমূহ প্রদর্শিত হয়েছে যার বিপরীতে সরকারের প্রাপ্ত অর্থ ফেরত দেওয়ার দায়বদ্ধতা অথবা প্রদত্ত অর্থ আদায়ের দাবি অথবা সমন্বয়ের জন্য অনিষ্পন্ন লেনদেনসমূহ অন্তর্ভুক্ত রয়েছে, যেমন-অনিশ্চিত এবং রেমিটেন্স খাতসমূহ। উল্লেখ্য, এ স্থিতিসমূহ সরকারের আর্থিক অবস্থার পূর্ণাঙ্গ হিসাব প্রদর্শন করে না। কারণ নগদভিত্তিতে প্রণীত সরকারি হিসাবে সরকারের ভৌত পরিসম্পদ অথবা বকেয়া প্রাপ্তি বা অপরিশোধিত দায়সমূহ প্রতিফলিত হয় না।

ঋণ, আমানত, অগ্রিম, সাসপেন্স/অনিষ্পন্ন এবং রেমিটেন্স খাতের অধীনে প্রাপ্তি, পরিশোধ ও স্থিতির সারসংক্ষেপ বিবরণী-৩ এ প্রদান করা হয়েছে। স্থিতিতে সমাপ্ত হিসাবসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

### ছক ২.৩ স্থিতিতে সমাপ্ত হিসাব (Accounts Closed to Balances)

[13] প্রারম্ভিক জের = [ সমাপনী জের (বিবরণী -১) - সমমূলধন ও বিনিয়োগ থহবিল শেয়ার এর সমাপনী জের (তফসিল ৮)], আর্থিক হিসাব, ২০১৭-১৮।

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| হিসাবর নাম | নোট | ডেবিট স্থিতি | ক্রেডিট স্থিতি |
|---|---|---|---|
| সরকারে সমাপ্ত হিসাব | 2.2 | **924510,55,88** | |
| সরকারি দেনা | | | **737078,04,02** |
| (a) অভ্যন্তরীণ দায়সমূহ | 9.1 | | 405285,53,44 |
| (b) বৈদেশিক দায়সমূহ | 9.2 | | 331792,50,58 |
| তহবিল বহির্ভূত ঋণ | | | **431141,78,06** |
| (a) সঞ্চয় পত্রসমূহ | 15.1.1 | | 301969,21,10 |
| (b) ডাকঘর সঞ্চয়সমূহ | 15.1.2 | | 43159,01,42 |
| (c) সঞ্চয় বন্ডসমূহ | 15.1.3 | | 18805,12,32 |
| (d) সুদযুক্ত জামানত | 15.2.1 | | 67208,43,22 |
| জামানত ও অগ্রিমসমূহ | | | **104105,95,08** |
| (a) সুদবিহীন জামানত | 15.2.2 | | 104105,95,08 |
| (b) সুদবিহীন অগ্রিম | | | 0 |
| ঋণ ও অগ্রিম এবং আর্থিক পরিসম্পদ | | **287925,49,30** | |
| (a) অভ্যন্তরীণ পরিসম্পদ | | 287925,49,30 | |
| (b) বৈদেশিক পরিসম্পদ | 8.0 | 0 | |
| নিট রেমিটেন্স [14] | 15.4 | | 80844,72,75 |
| সমাপনী স্থিতি (নগদ) | | 140734,44,73 | |
| **মোট** | | **1353170,49,91** | **1353170,49,91** |

সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অধীন প্রদর্শিত সরকারি দেনা এবং ঋণ ও অগ্রিম খাতের স্থিতিসমূহ সরকারের সমাপ্ত (Closed to Government) হয় না। বরং এই স্থিতিসমূহ সংশ্লিষ্ট খাতে হিসাবভুক্ত হয় এবং পরবর্তী অর্থ বছরসমূহে এর জেরসমূহ স্থানান্তরিত হয়।

## ২.৪ সরকারি ঋণ

আর্থিক বিবরণীতে ব্যবহৃত 'সরকারি ঋণ' বলতে বাংলাদেশের জনগণ এবং বৈদেশিক উৎস থেকে নিয়মিতভাবে সংগৃহীত ঋণকে নির্দেশ করে। অন্যান্য দায় (সুদযুক্ত বা

[14] বিনিময় ও সমন্বয় হিসাবের স্থিতি ব্যতীত।

সুদমুক্ত) যেমন জাতীয় সঞ্চয়পত্র, সাধারণ ভবিষ্য তহবিল, রিজার্ভ তহবিলসমূহ সরকারি ঋণের অন্তর্ভুক্ত নয়। এ দায়সমূহ প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতাধীন ।

### ২.৫ অস্থায়ী (Floating) ঋণ

অস্থায়ী ঋণ দ্বারা সম্পূর্ণরূপে অস্থায়ী প্রকৃতির ঋণকে নির্দেশ করা হয়, যেমন - ট্রেজারি বিল, উপায় ও উপকরণ অগ্রিম (ways and means advances), যা বারো মাসের মধ্যে পরিশোধিত হয়।

### ২.৬ স্থায়ী (Permanent) ঋণ

স্থায়ী ঋণ দ্বারা সরকার কর্তৃক বাজার হতে সংগৃহীত ঋণসমূহকে নির্দেশ করা হয় এবং ঋণ গ্রহণের অন্তত বারো মাস পরে ঋণ পরিশোধের সময়কাল আরম্ভ হয়।

### ২.৭ তহবিল বহির্ভূত ঋণ (Unfunded Debt)

'তহবিল বহির্ভূত ঋণ' দ্বারা সরকারের সুদযুক্ত দায়বদ্ধতাকে নির্দেশ করা হয়, যা সরকারের নিকট বিভিন্ন উদ্দেশ্যে জমাকৃত তহবিলের সাথে সম্পর্কিত। উদাহরণস্বরূপ জাতীয় সঞ্চয়পত্র এবং রাষ্ট্রীয় ভবিষ্য তহবিল সরকারের প্রধান তহবিল বহির্ভূত ঋণসমূহের অন্তর্ভুক্ত।

### ২.৮ জামানত এবং অগ্রিম

জামানত এবং অগ্রিম বিভাগের চারটি প্রধান অংশ রয়েছে, যথা- সুদযুক্ত আমানত, সুদমুক্ত আমানত, সুদমুক্ত অগ্রিম (বাণিজ্য ও ক্রেডিট অগ্রিম) এবং অন্যান্য প্রদেয় হিসাব।

### ২.৯ রেমিটেন্স বিভাগ

এই বিভাগটি দুইটি প্রধান অংশে বিভক্ত, যথা- অনিশ্চিত খাত এবং রেমিটেন্স খাত। আর্থিক বিবরণীতে দুই ধরনের অনিশ্চিত হিসাবের তথ্য হিসাবভুক্ত করা হয়, যেমন- অন্যান্য অনিশ্চিত হিসাব এবং বিভাগীয় অনিশ্চিত হিসাব। অন্যদিকে রেমিটেন্স হিসাবকে

বিভিন্ন খাতে শ্রেণিবদ্ধ করা হয়েছে, যেমন- চালান রেমিটেন্স, বিভাগীয় চেক রেমিটেন্স, আন্তঃবিভাগ স্থানান্তর, নগদ এবং ব্যাংক রেমিটেন্স ইত্যাদি। তাছাড়া সিজিএ ও সিজিডিএফ এবং সিজিএ ও বাংলাদেশ রেলওয়ে এর মধ্যে বিনিময়/সমন্বয় হিসাবগুলিও এই বিভাগের অন্তর্ভুক্ত।

## নোট ৩.০ । কর রাজস্ব

করসমূহ সরকারকে প্রদত্ত বাধ্যতামূলক এবং প্রতিদানহীন অর্থ হিসেবে বিবেচিত। কর দাতাদের নাগরিক সুবিধাদি সাধারণতঃ করদাতার প্রদেয় অর্থের অনুপাত অনুসারে প্রদান করা হয়না বিধায় কর সরকারের প্রতিদানহীন প্রাপ্তি হিসাবে পরিগণিত হয়। এমনকি করদাতারা তাদের প্রদেয় অর্থের বিনিময়ে কোন সুবিধা আশাও করেন না বা পান না। অতএব ট্যাক্স সরকারের নিকট প্রত্যর্পণযোগ্য আদায় নয়।

সরকার সংসদ প্রণীত আইন বা কোন সংবিধি দ্বারা কর রাজস্ব আদায়ের অধিকার সংরক্ষণ করে। কর যেদিন পাওনা হয় সেদিনের পরিবর্তে যেদিন নগদ অর্থ পাওয়া যায় সেদিন রাজস্ব আয় হিসেবে হিসাবভুক্ত করা হয়।

**ছক ৩.০ কর রাজস্ব**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | 2020 - 2021 |
|---|---|---|---|
| 11111 | ব্যক্তি কর্তৃক দেয় | 31324,21,69 | 28803,43,53 |
| 11121 | কর্পোরেশন ও অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক দেয় | 64799,53,18 | 58542,11,68 |
| 11311 | স্থাবর সম্পত্তির কর | 859,64,75 | 916,99,35 |
| 11331 | স্থাবর সম্পত্তি, উত্তরাধিকার ও দান কর | 42 | 26 |
| 11411 | মূল্য সংযোজন কর (মূসক) | 158409,87,39 | 141930,56,75 |
| 11413 | পণ্য ও সেবার ওপর টার্নওভার ও অন্যান্য সাধারণ কর | 2,65,35 | 2,53,66 |
| 11421 | আবগারি | 3207,12,18 | 2569,19,16 |
| 11441 | বিশেষ সেবা কর | 895,03,89 | 378,78,03 |
| 11451 | মোটরযান কর | 1642,54,56 | 1504,18,57 |
| 11452 | ব্যবসা-প্রতিষ্ঠান ও পেশাদার লাইসেন্স | 207,97,57 | 147,81,76 |
| 11511 | কাস্টমস | 34368,16,47 | 31591,71,01 |
| 11521 | রপ্তানি কর | 93,84 | 58,90 |
| 11561 | অন্যান্য আন্তর্জাতিক বাণিজ্য ও লেনদেনের ওপর কর | 2 | 0 |

| | | | |
|---|---|---|---|
| 11621 | স্ট্যাম্প ডিউটি | 3391,25,23 | 2906,55,78 |
| 11622 | সারচার্জ | 476,50,14 | 509,12,04 |
| | **মোট কর রাজস্ব** | **299585,46,68** | **269803,60,48** |

## নোট ৪.০। অনুদান ও অন্যান্য সাহায্য

এই বিভাগে বিদেশি সরকার বা আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার কাছ থেকে অনুদান ও সাহায্য হিসাবে প্রাপ্ত সরকারের আয় সংক্রান্ত লেনদেন অন্তর্ভূক্ত রয়েছে। অর্থাৎ দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক উন্নয়ন অংশীদারদের কাছ থেকে প্রাপ্ত অনুদান/স্থানান্তরগুলি এখানে হিসাবভুক্ত করা হয়।

**ছক ৪.০ অনুদান ও অন্যান্য সাহায্য**

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| **অর্থনৈতিক কোড** | **বিবরণ** | **2021 - 2022** | **2020 - 2021** |
|---|---|---|---|
| 13121 | মূলধন | 2321,81,94 | 2348,23,11 |
| | **মোট অনুদান** | **2321,81,94** | **2348,23,11** |

## নোট ৫.০। অন্যান্য রাজস্ব

কর রাজস্ব, অনুদান ও সামাজিক অবদান ব্যতীত সকল সরকারি রাজস্ব ‘অন্যান্য রাজস্ব’ খাতে হিসাবভুক্ত করা হয়। প্রধানতঃ সম্পত্তি আয়, পণ্য ও সেবা বিক্রয় (রাষ্ট্রীয় বাণিজ্য ব্যতীত), জরিমানা, দন্ড ও বাজেয়াপ্তকরণ, প্রিমিয়াম, ফি ও দাবি ইত্যাদি এর অন্তর্ভুক্ত। উল্লেখ্য, নোট ৭- এ উল্লিখিত সরকারের মূলধন প্রাপ্তিসমূহ ‘অন্যান্য রাজস্ব’- এর অন্তর্ভুক্ত নয়।

**ছক ৫.০ অন্যান্য রাজস্ব**

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| **অর্থনৈতিক কোড** | **বিবরণ** | **2021 - 2022** | **2020 - 2021** |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| 14112 | নিবাসী থেকে (সাধারণ সরকারি প্রতিষ্ঠান ব্যতীত) প্রাপ্ত রাজস্ব | 1944,74,79 | 2476,57,39 |
| 14113 | অন্যান্য সাধারণ সরকারি প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত অন্যান্য রাজস্ব | 38,42 | 5592,69,81 |
| 14114 | সম্পদের সার্ভিস চার্জ | 4,98,39 | 3,05,24 |
| 14122 | নিবাসী থেকে প্রাপ্ত | 5019,40,07 | 1909,37,17 |
| 14131 | কুয়াসি-কর্পোরেশনের আয় থেকে প্রত্যাহার | 3795,80,54 | 3584,69,79 |
| 14151 | রয়্যালটি | 86,49,94 | 75,55,27 |
| 14152 | অনুৎপাদিত সম্পত্তি ইজারা/ভাড়া | 389,55,81 | 381,44,26 |
| 14211 | রেল ভাড়া ও চার্জ | 2135,89,21 | 1304,03,65 |
| 14212 | ডাক বিভাগের বিক্রয় ও সেবা | 54,05,39 | 72,02,88 |
| 14213 | ভাড়া | 1048,20,32 | 924,94,40 |
| 14221 | লাইসেন্স ফি | 565,87,21 | 520,68,19 |
| 14222 | নিবন্ধন ফিসমূহ | 1796,99,97 | 1518,22,80 |
| 14223 | সেবা ফিসমূহ | 4105,17,44 | 2718,79,78 |
| 14224 | চার্জসমূহ | 52,35,79 | 56,12,89 |
| 14231 | লেনদেনকৃত খাদ্যদ্রব্য বিক্রয় | 986,03,49 | 858,25,04 |
| 14232 | অবিপণনযোগ্য প্রতিষ্ঠানের সম্ভাব্য অন্যান্য বিক্রয় | 1348,80,17 | 1143,07,26 |
| 14311 | জরিমানা, দণ্ড ও বাজেয়াপ্তকরণ | 1093,89,76 | 893,89,16 |
| 14412 | অন্যান্য আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | 11313,78,75 | 35440,76,99 |
| | **মোট অন্যান্য রাজস্ব** | **35742,45,46** | **59474,21,97** |

অর্থনৈতিক কোড - 14231 (লেনদেনকৃত খাদ্য দ্রব্য বিক্রয়): খাদ্য অধিদপ্তর কর্তৃক বিক্রয়কৃত খাদ্যদ্রব্য হতে অর্জিত আয় ব্যতীত।

## নোট ৫.১ রাষ্ট্রীয় বাণিজ্যিক কার্যক্রম

যদিও সরকারের প্রধান উদ্দেশ্য জনগণকে সেবা প্রদান করা, মুনাফা অর্জন নয়, তথাপি সরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ এবং কিছু সরকারি ডিপার্টমেন্ট রাষ্ট্রীয়ভাবে ব্যবসায়িক কার্যক্রমে নিযুক্ত রয়েছে। রাষ্ট্রের ব্যবসায়িক আয়ের একটি বড় অংশ বাংলাদেশ রেলওয়ে (১৪২১১), পোস্টাল সার্ভিস (১৪২১২) এবং খাদ্য অধিদপ্তর (১৪২৩১) থেকে অর্জিত হয়।

রেলওয়ে এবং পোস্টাল সার্ভিসের মত সরকারি বাণিজ্যিক সংস্থার আয় রাজস্ব প্রাপ্তি খাতের অধীনে শ্রেণিবদ্ধ করা হয়। অন্যদিকে রাষ্ট্রীয় ব্যবসায়িক কর্মকান্ডের মাধ্যমে খাদ্য অধিদপ্তর কর্তৃক অর্জিত আয়কে মূলধন প্রাপ্তি হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়। সরকারি বাণিজ্যিক সংস্থা হিসেবে বাংলাদেশ রেলওয়ে এবং বাংলাদেশ পোস্টঅফিস পৃথকভাবে প্রো-

ফরমা একাউন্টস সংরক্ষণ করে। এছাড়া খাদ্য অধিদপ্তর একটি সার্ভিস ডিপার্টমেন্ট হওয়ায় অধিদপ্তরের রাষ্ট্রীয় বাণিজ্যিক কার্যক্রমের জন্য একটি 'স্টোরস্ একাউন্ট' সংরক্ষণ করা হয় যা 'ফুড একাউন্ট' হিসেবে পরিচিত। উল্লেখ্য, খাদ্য অধিদপ্তরের রাষ্ট্রীয় বাণিজ্যিক কার্যক্রম থেকে অর্জিত আয় মূলধন প্রাপ্তির অধীনে শ্রেণিবদ্ধ করা হয়।

## নোট ৬.০ আগের বছরের সমন্বয়সমূহ

অডিট আপত্তি অথবা নির্বাহী কর্তৃক চিহ্নিত অন্যান্য মেটেরিয়াল সমন্বয়ের জন্য যদি পূর্ববর্তী বছরের তথ্য সমন্বয় করার প্রয়োজন হয়, তাহলে সে বিষয়ের ব্যাখ্যা নোট-৬ এ প্রদান করা হয়েছে।

বিভিন্ন কারণে পূর্ববর্তী বছরের প্রাপ্তি, পরিশোধ অথবা স্থিতির তথ্যে পরিবর্তন আসতে পারে. কয়েকটি উদাহরণ নীচে উল্লেখ করা হলোঃ

১. নিরীক্ষাকালীন সময়ে সম্পদের অস্তিত্ব পরিলক্ষিত না হলে।
২. পূর্তকাজসমূহ অসম্পুর্ণ থাকা সত্ত্বেও হিসাবপত্রে সম্পুর্ণ ব্যয় দেখানো হয়েছে।
৩. ভুল শ্রেণীবিন্যাস কোড থেকে উদ্ভূত অশুদ্ধ আর্থিক বিবরণী।
৪. সরাসরি প্রকল্প সাহায্য (ডিপিএ) এর তথ্য প্রকল্পের হিসাবে প্রদর্শন না করা।
৫. প্রতারণা/জালিয়াতি।
৬. অন্য কোন নিরীক্ষা পর্যবেক্ষণ যা হিসাবের স্থিতিসমূহকে প্রভাবিত করে।

## নোট ৭.০ মূলধন প্রাপ্তি

যেসব সরকারি প্রাপ্তি (১) দায় সৃষ্টি করে (যেমন-ঋণ) অথবা (২) পরিসম্পদ হ্রাস করে (যেমন-বিনিয়োগ প্রত্যাহার বা হ্রাস) সেগুলি মূলধন প্রাপ্তি হিসাবে পরিগণিত হয়। এমতাবস্থায় সরকার যখন সংযুক্ত তহবিলের অধীন ঋণ গ্রহণ করে অথবা সম্পদ বিক্রির মাধ্যমে তহবিল সংগ্রহ করে, তখন এ অর্থ মূলধন প্রাপ্তির অধীন হিসাবভুক্ত করা হয়। মূলধন প্রাপ্তি বিভাগটি মূলধন প্রকৃতির প্রাপ্তির সাথে সম্পর্কিত, যা মূলধন ব্যয়ের সমন্বয় (Set off) করার জন্য প্রযোগ করা হয় না।

**ছক ৭.০ মূলধন প্রাপ্তি**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | 2020 - 2021 |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| 14231 | লেনদেনকৃত খাদ্যদ্রব্য বিক্রয় | 11329,83,51 | 7792,46,23 |
| 21111 | আবাসিক ভবনসমূহ | 63,25 | 1,60,36 |
| 21112 | অনাবাসিক ভবনসমূহ | 10,37,23 | 2,78,56 |
| 21113 | অন্যান্য স্থাপনা | 27,81 | 51,19 |
| 21121 | পরিবহণ সরঞ্জামাদি | 1,11 | 41,98 |
| 21123 | যন্ত্রপাতি ও সরঞ্জাম যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | 16,77 | 1,04,65 |
| 21131 | চাষকৃত জৈব সম্পদ | 4,55,00 | 7,34,52 |
| 21411 | ভূমি | 275,09,94 | 226,21,26 |
| 21441 | চুক্তি, ইজারা ও লাইসেন্স | 8,91,52 | 5,98,70 |
| | **মোট মূলধন প্রাপ্তি** | **11629,86,14** | **8038,37,45** |

অর্থনৈতিক কোড - 14231 (লেনদেনকৃত খাদ্য দ্রব্য বিক্রয়): খাদ্য অধিদপ্তর কর্তৃক বিক্রয়কৃত খাদ্যদ্রব্য হতে অর্জিত আয়।

## নোট ৭.১ অ-আর্থিক পরিসম্পদ বিক্রয়

মূলধন প্রাপ্তি খাতের অধীন প্রদর্শিত ‘শ্রেণি ২১- অ-আর্থিক পরিসম্পদ বিক্রয়’-এর স্থিতি উপরে বর্ণিত ছকে উল্লিখিত উপ-আইটেমসমূহের সমন্বয়ে গঠিত।

## নোট ৮.০ আর্থিক পরিসম্পদ

নিম্নলিখিত উপ-আইটেমসমূহের বিপরীতে সরকারের আর্থিক পরিসম্পদ সংশ্লিষ্ট লেনদেন হিসাবভুক্ত করা হয়।

### ছক ৮.০ আর্থিক পরিসম্পদ

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| **অর্থনৈতিক কোড** | **বিবরণ** | **2021 - 2022** | | | |
|---|---|---|---|---|---|
| | | **প্রারম্ভিক জের (১লা জুলাই)** | **ডেবিট** | **ক্রেডিট** | **সমাপনী জের (৩০ শে জুন)** |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (3 + 4) - 5 |
| **মূদ্রা ও জামানত** | | | | | |
| 72121 | ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট | -415473,09,38 | 464387,54,01 | 663926,14,29 | -615011,69,66 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 72122 | নন টি.এস.এ. অ্যাকাউন্ট | 2,89,46 | 661,53,97 | 15,42,74 | 649,00,69 |
| 72123 | ক্যাশ ইন হ্যান্ড | 85124,68,31 | 13345,16,94 | 13533,78,78 | 84936,06,47 |
| 72124 | ক্যাশ ইন ট্রানজিট | 425809,57,27 | 257050,65,02 | 60741,31,19 | 622118,91,10 |
| | **মোট মূদ্রা ও জামানত** | **95464,05,66** | **735444,89,94** | **738216,67,00** | **92692,28,60** |
| **অন্যান্য আর্থিক সম্পদ** | | | | | |
| 72131 | অগ্রিম | -6822,18,87 | 1187,04,22 | 17748,90,37 | -23384,05,02 |
| 72151 | সরকারি কর্মচারীদের ঋণ | 133,96,54 | 463,84,99 | 166,35,19 | 431,46,34 |
| 72152 | স্বায়ত্বশাসিত সংস্থাকে প্রদত্ত ঋণ | 227500,65,92 | 9776,57,26 | 6448,80,87 | 230828,42,31 |
| 72161 | ইক্যুইটি | 62911,98,06 | 7747,96,31 | 0 | 70659,94,37 |
| 72192 | বিবিধ অন্যান্য গৃহীতব্য হিসাব | -1785,51,86 | 13897,77,18 | 2722,53,99 | 9389,71,33 |
| | **মোট অন্যান্য আর্থিক সম্পদ** | **281938,89,79** | **33073,19,96** | **27086,60,42** | **287925,49,33** |
| | **সর্বমোট আর্থিক পরিসম্পদ** | **377402,95,45** | **768518,09,90** | **765303,27,42** | **380617,77,93** |

## নোট ৮.১ অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ

বাংলাদেশ সরকারের কোন বিদেশি আর্থিক পরিসম্পদ না থাকায় নোট - ৮.০ এ মোট অভ্যন্তরীণ আর্থিক পরিসম্পদ অন্তর্ভুক্ত করা হয়েছে।

## নোট ৯.০ ঋণ ও স্থিতি (Borrowings)

মোট সরকারি ঋণ অভ্যন্তরীণ দায় ও বৈদেশিক দায় এর সমন্বয়ে গঠিত। অভ্যন্তরীণ দায় এর মধ্যে ট্রেজারি বিল, ট্রেজারি বন্ড, সংযুক্ত তহবিল এর অধীন উপায় ও উপকরণ অগ্রিম (Ways and Means Advances) এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অধীন অন্যান্য উপ-শ্রেণি, যেমন মুদ্রা ও জামানত (৮১১) এবং অন্যান্য প্রদেয় হিসাব (৮১৭) অন্তর্ভুক্ত রয়েছে। অপরদিকে, সরকারের বৈদেশিক দায়ের মধ্যে বৈদেশিক ঋণ (৮২৩) এবং আইএমএফ (৮২৩১২) এর সাথে লেনদেন জড়িত।

**ছক ৯.০ ঋণ ও স্থিতি (Borrowings)**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | 2020 - 2021 |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| **81** | **অভ্যন্তরীণ দায়** | | |
| 81111 | সঞ্চয়পত্রসমূহ | 103419,46,62 | 91328,99,01 |
| 81112 | ডাকঘর সঞ্চয়সমূহ | 3978,70,41 | 19993,18,05 |
| 81113 | সঞ্চয় বন্ডসমূহ | 1519,61,75 | 1908,89,26 |
| 81122 | কন্ট্রিবিউশন টু স্টেট প্রভিডেন্ট ফান্ড | 12590,74,77 | 13771,19,54 |
| 81131 | বিভাগীয় ও বিচার বিভাগীয় জামানত | 2149,86,67 | 1725,26,70 |
| 81133 | সরবরাহ ও কাজের বিপরীতে জামানত | 24913,02,58 | 19018,45,57 |
| 81135 | অন্যান্য জামানত | 6457,68,07 | 7128,66,13 |
| 81211 | ট্রেজারি বিলসমূহ | 134681,58,25 | 111203,61,59 |
| 81221 | ট্রেজারি বন্ডসমূহ | 78956,95,00 | 76350,00,00 |
| 81231 | সুকুক সিকিউরিটিজ | 4999,50,00 | 3999,20,00 |
| 81311 | উপায় উপকরণ (ways and means) | 29229,01,00 | 20732,64,00 |
| 81721 | চেক ও বিলের সাসপেন্স অ্যাকাউন্ট | 615561,58,19 | 515252,44,40 |
| 81722 | ঋণপত্র (Letter of credit) | 12250,05,40 | 5766,06,40 |
| 81723 | টাকা ও মুদ্রা | 3,42 | 3,71 |
| 81724 | সরকারি আবাসনে বসবাসকারী সরকারি কর্মচারীদের গ্যাস হিসাব | 40,93,64 | 34,16,90 |
| 81725 | কল্যাণ তহবিল | 189,39,25 | 186,67,33 |
| 81726 | সরকারি আবাসনে বসবাসকারী সরকারি কর্মচারীদের বিদ্যুৎ হিসাব | 11,96,17 | 1,16,25 |
| 81727 | দাবির প্রেক্ষিতে আদায় | 4,35 | 30,26 |
| 81731 | বিভাগীয় সাসপেন্স অ্যাকাউন্ট | 0 | 22,33,75 |
| 81732 | চালান রেমিটেন্স | 81319,07,52 | 78093,32,23 |
| 81733 | বিভাগীয় চেক রেমিটেন্স | 62061,14,90 | 56308,59,86 |
| 81734 | আন্তঃবিভাগ স্থানান্তর | 1307,99,13 | 2998,49,36 |
| 81735 | ক্যাশ ও ব্যাংক রেমিটেন্স | 323,89,37 | 690,75,21 |
| 81736 | সি.জি.এ ও সি.জি.ডি.এফ অ্যাকাউন্টের মধ্যে এক্সচেঞ্জ অ্যাকাউন্ট | 13491,95,47 | 30697,17,30 |
| 81737 | সি.জি.এ ও রেলওয়ে অ্যাকাউন্টের মধ্যে এক্সচেঞ্জ অ্যাকাউন্ট | 88,27,01 | 695,73,05 |
| | **মোট অভ্যন্তরীণ দায়** | **1189542,48,94** | **1057907,35,86** |
| **82** | **বৈদেশিক দায়** | | |
| 82311 | বৈদেশিক ঋণ | 78322,95,90 | 57751,16,41 |
| | **মোট বৈদেশিক দায়** | **78322,95,90** | **57751,16,41** |
| | **মোট গৃহিত ঋণ** | **1267865,44,84** | **1115658,52,27** |

## নোট ৯.১ অভ্যন্তরীণ দায়সমূহ

অভ্যন্তরীণ দায় এর মধ্যে ট্রেজারি বিল, ট্রেজারি বন্ড, সংযুক্ত তহবিল এর অধীন উপায় ও উপকরণ অগ্রিম (Ways and Means Advances) এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অন্যান্য উপ-শ্রেণি, যেমন মুদ্রা ও জামানত (৮১১) এবং অন্যান্য দেয় হিসাব (৮১৭) অন্তর্ভুক্ত রয়েছে। ট্রেজারি বিল এবং ট্রেজারি বন্ডের বিবরণ নোট-৯.১.১, উপায় ও উপকরণ অগ্রিম এর বিবরণ নোট-৯.১.২, মুদ্রা ও জামানত (৮১১) এর বিবরণ নোট-১৫.১ ও ১৫.২ এবং অন্যান্য দেয় হিসাব (৮১৭) এর বিবরণ নোট-১৫.৩ এ প্রদান করা হয়েছে।

## নোট ৯.১.১ ঋণ সংগ্রহের সিকিউরিটিসমূহ (Debt Securities)

ট্রেজারি বিল, ট্রেজারি বন্ড এবং বাংলাদেশ সরকারি বিনিয়োগ সুকুক, এই তিন ধরণের ঋণ সংগ্রহের সিকিউরিটিসমূহ (Debt Securities) অভ্যন্তরীণ দায়ের অন্তর্ভুক্ত। এর মধ্যে ট্রেজারি বিল একটি স্বল্পমেয়াদি ঋণ উপকরণ যার মেয়াদ এক বছরের কম। ট্রেজারি বিল কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ইস্যু করা হলেও এর দায়বদ্ধতা বাংলাদেশ সরকার দ্বারা সমর্থিত। ট্রেজারি বন্ড বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত ০১ বছর বা এর বেশি মেয়াদের সরকারি দেনা অর্থপত্র। ট্রেজারি বন্ডের মেয়াদপুর্তি পর্যন্ত পর্যায়ক্রমে সুদ অর্জিত হয় এবং মেয়াদপূর্তিতে ক্রেতাকে মূল বন্ডের সমপরিমাণ অর্থ পরিশোধ করা হয়। বাংলাদেশ সরকারি বিনিয়োগ সুকুক ইসলামী শরীয়াহ আইন দ্বারা নিয়ন্ত্রিত, ফলে এর বিপরীতে সুদ প্রদানের পরিবর্তে বিনিয়োগকারীর শেয়ারের অনুপাতে লভ্যাংশ প্রদান করা হয়। ২৯ ডিসেম্বর ২০২০ এ 'সারা দেশে নিরাপদ পানি সরবরাহ' প্রকল্পের জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যে সর্বপ্রথম ০৫ বছর মেয়াদি সুকুক বন্ড ইস্যু করা হয়। নিম্নবর্ণিত ছকে দেনা অর্থপত্রসমূহের তথ্য প্রদান করা হলোঃ

**ছক ৯.১.১ ঋণ সংগ্রহের সিকিউরিটিজসমূহ (Debt Securities)**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রারম্ভিক জের (১লা জুলাই) | ঋণ গ্রহণ (ক্রেডিট) | ঋণ প্রদান (ডেবিট) | সমাপনী জের (৩০ শে জুন) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (3 + 4) - 5 |
| **81211** | **ট্রেজারি বিলসমূহ** | | | | |
| 8121102 | ট্রেজারি বিল (৯১ দিন মেয়াদি) | 11850,71,88 | 73802,30,73 | 55165,83,50 | 30487,19,11 |
| 8121103 | ট্রেজারি বিল (১৮২ দিন মেয়াদি) | 12200,58,44 | 31550,83,44 | 25778,45,39 | 17972,96,49 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 8121104 | ট্রেজারি বিল (৩৬৪ দিন মেয়াদি) | 28293,62,57 | 29328,44,08 | 27982,27,73 | 29639,78,92 |
| | **মোট ট্রেজারি বিলসমূহ** | **52344,92,89** | **134681,58,25** | **108926,56,62** | **78099,94,52** |
| **81221** | **ট্রেজারি বন্ডসমূহ** | | | | |
| 8122101 | ট্রেজারি বন্ড (এক বছর মেয়াদি) | -992,78,00 | 0 | 0 | -992,78,00 |
| 8122102 | ট্রেজারি বন্ড (দুই বছর মেয়াদি) | 4600,00,00 | 0 | 0 | 4600,00,00 |
| 8122103 | তিন বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 50809,46,59 | 20000,00,00 | 900,00,00 | 69909,46,59 |
| 8122105 | পাঁচ বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 42007,41,25 | 19762,35,00 | 27668,19,81 | 34101,56,44 |
| 8122107 | সাত বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 0 | 0 | 187,60,00 | -187,60,00 |
| 8122110 | দশ বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 85805,28,75 | 19500,00,00 | 6150,00,00 | 99155,28,75 |
| 8122113 | পনের বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 41417,13,00 | 9466,57,00 | 0 | 50883,70,00 |
| 8122114 | বিশ বছর মেয়াদি ট্রেজারি বন্ড | 38602,06,25 | 10228,03,00 | 0 | 48830,09,25 |
| 8122115 | পঁচিশ বছর মেয়াদি ট্রেজারি বন্ড | -31,18,12 | 0 | 0 | -31,18,12 |
| 8122117 | বিশেষ ট্রেজারি বন্ড | 11191,03,00 | 0 | 0 | 11191,03,00 |
| | **মোট ট্রেজারি বন্ডসমূহ** | **273408,42,72** | **78956,95,00** | **34905,79,81** | **317459,57,91** |
| **81231** | **সুকুক সিকিউরিটিজ** | | | | |
| 8123101 | সুকুক সিকিউরিটিজ (পাঁচ বছর মেয়াদি) | 3999,20,00 | 4999,50,00 | 0 | 8998,70,00 |
| | **মোট সুকুক সিকিউরিটিজ** | **3999,20,00** | **4999,50,00** | **0** | **8998,70,00** |
| | **সর্বমোট দেনা অর্থপত্র** | **329752,55,61** | **218638,03,25** | **143832,36,43** | **404558,22,43** |

## নোট ৯.১.২ - ঋণসমূহ: উপায় ও উপকরণ

বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক এর মধ্যে সম্পদিত চুক্তি অনুযায়ী সরকারকে বাংলাদেশ ব্যাংকে সংরক্ষিত ট্রেজারি সিঙ্গেল একাউন্টে (টিএসএ) ন্যূনতম ৫০ লক্ষ টাকার নগদ স্থিতি বজায় রাখতে হয়। যদি কোন কর্মদিবসে নগদ স্থিতি ন্যূনতম পরিমানের নিচে নেমে যায়, তবে সরকার নগদ ঘাটতি মিটাতে বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে উপায় ও

উপকরণ অগ্রিম (Ways and Means Advance) এবং সাধারণ ওভারড্রাফট (OD current) ব্যবস্থাসমূহের মাধ্যমে স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ করতে পারেন। পরবর্তীতে সরকারি অর্থের নগদ স্থিতি বৃদ্ধি পেলে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ঋণ (উপায় ও উপকরণ) সুদসহ স্বয়ংক্রিয়ভাবে কর্তন করে সমন্বয় করে।

**ছক ৯.১.২ ঋণসমূহঃ উপায় ও উপকরণ**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রারম্ভিক জের (১লা জুলাই) | ঋণ গ্রহণ (ক্রেডিট) | ঋণ প্রদান (ডেবিট) | সমাপনী জের (৩০ শে জুন) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (3 + 4) - 5 |
| **81311** | **উপায় উপকরণ (ways and means)** | | | | |
| 8131101 | উপায় উপকরণ (ways and means) অগ্রিম | 26,02 | 26600,81,00 | 25873,95,00 | 727,12,02 |
| 8131102 | ওভারড্রাফ্ট | 19,00 | 2628,20,00 | 2628,20,00 | 19,00 |
| | **মোট ঋণ** | **45,02** | **29229,01,00** | **28502,15,00** | **727,31,02** |

## নোট ৯.২ বৈদেশিক দায়

সরকারের বৈদেশিক দায়ের মধ্যে বৈদেশিক ঋণ (উপ-শ্রেণি: ৮২৩) এবং আইএমএফ এর সাথে লেনদেনসমূহ (উপ-খাত: ৮২৩১২) অন্তর্ভূক্ত রয়েছে। বাজেট ঘাটতি মেটানোর জন্য অথবা উন্নয়ন প্রকল্পের অর্থায়নের জন্য সরকার উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থা হতে ঋণ গ্রহণ করে, যা ফেরত প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। বৈদেশিক উৎস হতে সংগ্রহীত ঋণ ও এর স্থিতি সংযুক্ত তহবিলের ওপর বৈদেশিক দায় হিসাবে হিসাবভুক্ত করা হয়। রুলস অব বিজনেস অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের দায়িত্ব বৈদেশিক উৎস হতে ঋণ সংগ্রহ এবং পরিশোধ করা। উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থা হতে সংগৃহিত ঋণ দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বর্হিভূত উন্নয়ন প্রকল্প ও স্কিম বাস্তবায়ন করা হয়। অপরদিকে আইএমএফ উন্নয়ন প্রকল্পে বিনিয়োগের পরিবর্তে

সাধারণতঃ বাজেট সহায়তা, ব্যালেন্স অব ট্রেড এর ঘাটতি কমানো ইত্যাদি উদ্দেশ্যে সরাসরি বাংলাদেশ সরকারকে লোন প্রদান করে থাকে। নিম্নে বৈদেশিক ঋণ ও আইএমএফ এর সঙ্গে লেনদেনের বিস্তারিত বিবরণ প্রদান করা হলো:

**ছক ৯.২ - বৈদেশিক দায়**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | 2021 - 2022 | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রারম্ভিক জের (১লা জুলাই) | ঋণ গ্রহণ (ক্রেডিট) | ঋণ প্রদান (ডেবিট) | সমাপনী জের (৩০ শে জুন) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 = (3 + 4) - 5 |
| **82311** | **বৈদেশিক ঋণ** | | | | |
| 8231101 | বৈদেশিক ঋণ | 261811,83,71 | 59340,66,76 | 13302,05,13 | 307850,45,34 |
| 8231102 | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প ঋণ | 6486,91,98 | 18968,83,73 | 0 | 25455,75,71 |
| 8231103 | বিশেষ উন্নয়ন সহায়তা/ঋণ | 117,89,63 | 13,45,41 | 0 | 131,35,04 |
| | **মোট বৈদেশিক ঋণ** | **268416,65,32** | **78322,95,90** | **13302,05,13** | **333437,56,09** |
| **82312** | **আইএমএফ এর সঙ্গে লেনদেন** | | | | |
| 8231202 | আইএমএফ কন্ট্রিবিউশন | -1645,05,51 | 0 | 0 | -1645,05,51 |
| | **মোট আইএমএফ এর সঙ্গে লেনদেন** | **-1645,05,51** | **0** | **0** | **-1645,05,51** |
| | **সর্বমোট বৈদেশিক দায়** | **266771,59,81** | **78322,95,90** | **13302,05,13** | **331792,50,58** |

## নোট ১০.০ আবর্তক ব্যয় (Recurrent Expenditure)

'আবর্তক ব্যয়' দ্বারা সরকারের চলতি বা রাজস্ব ব্যয় নির্দেশ করা হয়, যার মাধ্যমে মূলতঃ সরকারের দৈনন্দিন কর্মকান্ড সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হয়। কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা, মেরামত ও সংস্কার, ভর্তুকি ও হস্তান্তর, সুদ পরিশোধ ইত্যাদি বাবদ ব্যয় আবর্তক ব্যয়ের অন্তর্ভুক্ত। নিম্নে আবর্তক ব্যয় সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেণির ব্যয়ের সংক্ষিপ্তসার উপস্থাপন করা হলো:

**ছক ১০.০ আবর্তক ব্যয়**

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| অর্থনৈতিক কোড | বিবরণ | প্রকৃত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|
| | | 2021 - 2022 | | | 2020 - 2021 |
| | | পরিচালন কার্যক্রম | উন্নয়ন কার্যক্রম | মোট | মোট ব্যয় |
| 1 | 2 | 3 | 4 | 5 = 3+4 | 6 |
| 31 | কর্মচারীদের প্রতিদান (Compensation) | 63173,05,95 | 332,47,73 | 63505,53,68 | 59699,94,71 |
| 32 | পণ্য ও সেবার ব্যবহার | 33319,25,72 | 17936,14,79 | 51255,40,51 | 43532,38,86 |
| 34 | মুনাফা ও সুদ | 77778,95,14 | 14,09,22 | 77793,04,36 | 70617,34,96 |
| 35 | ভরতুকি | 41990,85,73 | 715,25,09 | 42706,10,82 | 27850,69,49 |
| 36 | অনুদান | 37737,29,66 | 1379,46,36 | 39116,76,02 | 36458,75,47 |
| 37 | সামাজিক সুবিধাদি | 39478,31,74 | 1809,05,92 | 41287,37,66 | 36294,13,80 |
| 38 | অন্যান্য ব্যয় | 16126,87,43 | 6706,34,42 | 22833,21,85 | 19838,35,80 |
| | **Total** | **309604,61,37** | **28892,83,53** | **338497,44,90** | **294291,63,09** |

## নোট ১০.১ কর্মচারীদের প্রতিদান ও পণ্য ও সেবার ব্যবহার

'উপ-শ্রেণি ৩১-কর্মচারীদের প্রতিদান' এবং 'উপ-শ্রেণি ৩২ পণ্য ও সেবার ব্যবহার' আবর্তক ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

### ছক ১০.১ কর্মচারীদের প্রতিদান ও পণ্য ও সেবার ব্যবহার

(*অঙ্কসমূহ হাজার টাকায়*)

| অর্থনৈতিক কোড | বিবরণ | প্রকৃত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|
| | | 2021 - 2022 | | | 2020 - 2021 |
| | | পরিচালন কার্যক্রম | উন্নয়ন কার্যক্রম | মোট | মোট ব্যয় |
| 1 | 2 | 3 | 4 | 5 = 3+4 | 6 |
| **31** | **কর্মচারীদের প্রতিদান (Compensation)** | | | | |
| 31111 | অফিসারদের বেতন | 9217,13,48 | 149,49,21 | 9366,62,69 | 8930,31,17 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 31112 | কর্মচারীদের বেতন | 23973,18,24 | 36,21,58 | 24009,39,82 | 23214,42,85 |
| 31113 | ভাতাদি | 29982,74,23 | 146,76,94 | 30129,51,17 | 27554,91,16 |
| | **মোট কর্মচারীদের প্রতিদান (Compensation)** | **63173,05,95** | **332,47,73** | **63505,53,68** | **59699,65,18** |
| **32** | **পণ্য ও সেবার ব্যবহার** | | | | |
| 32111 | প্রশাসনিক ব্যয় | 5829,75,92 | 2068,69,99 | 7898,45,91 | 7837,23,46 |
| 32211 | ফি, চার্জ ও কমিশন | 1125,14,46 | 339,42,45 | 1464,56,91 | 1101,48,49 |
| 32312 | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | 24,16,27 | 52,88,71 | 77,04,98 | 17,50,26 |
| 32313 | প্রশিক্ষণ | 1055,27,72 | 1913,55,72 | 2968,83,44 | 1786,13,67 |
| 32411 | অভ্যন্তরীণ ভ্রমণ ও বদলি | 4,82,02 | 16,47,63 | 21,29,65 | 8,91,69 |
| 32431 | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | 2048,98,11 | 149,10,21 | 2198,08,32 | 1851,80,35 |
| 32441 | ভ্রমণ ও বদলি | 1137,66,82 | 75,94,66 | 1213,61,48 | 1254,69,65 |
| 32511 | কৃষিজ সরবরাহ | 575,84,53 | 454,61,26 | 1030,45,79 | 898,59,53 |
| 32521 | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | 3111,01,25 | 5878,52,46 | 8989,53,71 | 6225,04,66 |
| 32531 | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | 614,57,67 | 31,62,20 | 646,19,87 | 859,26,95 |
| 32541 | খাদ্য সরবরাহ | 3868,26,04 | 257,61,59 | 4125,87,63 | 3133,99,79 |
| 32551 | মুদ্রণ ও মনিহারি | 1208,15,72 | 801,19,04 | 2009,34,76 | 1484,41,33 |
| 32561 | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | 1651,85,24 | 328,21,37 | 1980,06,61 | 1925,59,09 |
| 32571 | পেশাগত সেবা | 783,18,45 | 3382,01,60 | 4165,20,05 | 3174,84,62 |
| 32572 | সম্মানী ও বিশেষ ব্যয় | 820,84,42 | 335,36,51 | 1156,20,93 | 689,92,45 |
| 32573 | বিশেষ ব্যয় | 669,02,69 | 464,04,09 | 1133,06,78 | 762,51,49 |
| 32581 | মেরামত ও সংরক্ষণ | 8615,56,24 | 1386,85,31 | 10002,41,55 | 10128,30,52 |
| 32582 | রেলওয়ে এর জন্য মেরামত ও সংরক্ষণ | 175,12,13 | 0 | 175,12,13 | 0 |
| | **মোট পণ্য ও সেবার ব্যবহার** | **33319,25,70** | **17936,14,80** | **51255,40,50** | **43140,28,00** |

## নোট ১০.২ সুদ

আবর্তক ব্যয়ের মধ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উভয় প্রকৃতির ঋণের সুদ (উপশ্রেণি-৩৪) অন্তর্ভুক্ত রয়েছে। সুদ পরিশোধের বিস্তারিত তথ্য নোট-১২ তে প্রদান করা হয়েছে।

## নোট ১০.৩। ভর্তুকি, অনুদান ও সামাজিক সুবিধাদি

সরকারি কর্পোরেশন ও অ-আর্থিক প্রতিষ্ঠান, বেসরকারি আর্থিক ও অ-আর্থিক প্রতিষ্ঠানকে প্রদত্ত ভর্তুকি (উপ-শ্রেণি: ৩৫), অন্যান্য সরকারি প্রতিষ্ঠান ও আন্তর্জাতিক সংস্থাকে প্রদেয় অনুদান (উপ-শ্রেণি: ৩৬) এবং সামাজিক নিরাপত্তা, সামাজিক সহায়তা ও চাকরি সম্পর্কীয় সামাজিক সুবিধাদি (উপ-শ্রেণি: ৩৭) আবর্তক ব্যয়ের অধীন হিসাবভুক্ত করা হয়। নিম্নে বিস্তারিত তথ্য উপস্থাপন করা হলো:

**ছক ১০.৩ আবর্তক ব্যয় -কর্মচারীদের প্রতিদান এবং পণ্য ও সেবার ব্যবহার'**

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | প্রকৃত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|
| | | 2021 - 2022 | | | 2020 - 2021 |
| | | পরিচালন কার্যক্রম | উন্নয়ন কার্যক্রম | মোট | মোট ব্যয় |
| 1 | 2 | 3 | 4 | 5 = 3+4 | 6 |
| **35** | **ভরতুকি** | | | | |
| 35111 | প্রাথমিক উৎপাদনে দেয় ভরতুকি | 20787,23,45 | 715,25,09 | 21502,48,54 | 12830,82,45 |
| 35113 | অন্যান্য ভর্তুকি | 21189,78,94 | 0 | 21189,78,94 | 13266,23,50 |
| 35121 | ঋণ/ঋণের সুদের ওপর ভর্তুকি | 13,83,35 | 0 | 13,83,35 | 6,19,57 |
| | **মোট ভরতুকি** | **41990,85,74** | **715,25,09** | **42706,10,83** | **26103,25,52** |
| **36** | **অনুদান** | | | | |
| 36311 | সাধারণ অনুদান | 36729,58,06 | 1112,76,02 | 37842,34,08 | 35371,75,06 |
| 36321 | মূলধন অনুদান | 1007,71,60 | 266,70,34 | 1274,41,94 | 1087,00,42 |
| | **মোট অনুদান** | **37737,29,66** | **1379,46,36** | **39116,76,02** | **36458,75,48** |
| **37** | **সামাজিক সুবিধাদি** | | | | |
| 37211 | নগদ সামাজিক সহায়তা সুবিধাদি | 15581,27,13 | 1502,75,16 | 17084,02,29 | 15466,75,10 |
| 37221 | অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি | 3809,13,88 | 306,30,76 | 4115,44,64 | 2116,81,20 |
| 37311 | চাকরি সম্পর্কীয় নগদ সামাজিক সুবিধাদি | 20087,90,73 | 0 | 20087,90,73 | 18710,57,43 |
| | **মোট সামাজিক সুবিধাদি** | **39478,31,74** | **1809,05,92** | **41287,37,66** | **36294,13,73** |

## নোট ১১.০। মূলধন ব্যয় (Capital Expenditure)

মূলধন ব্যয় সে প্রকারের ব্যয় অথবা বিনিয়োগ নির্দেশ করে যা মাধ্যমে এক বছরের অধিককাল সুবিধা ও সেবা পাওয়া যায়। অবকাঠামো নির্মাণ/উন্নয়ন, যেমন- রাস্তা অথবা ভবন নির্মাণ এবং এক বছরের বেশি ব্যবহারযোগ্য কারিগরী দ্রব্য, যানবাহন কিংবা যন্ত্রপাতি ক্রয়ও মূলধন ব্যয়ের অন্তর্ভুক্ত। এমতাবস্থায় অ-আর্থিক পরিসম্পদ (উপ-শ্রেণি: ৪১) ক্রয়/সংগ্রহ এবং উন্নয়ন প্রকল্পের মূলধন প্রকৃতির ব্যয়সমূহ (উপ-শ্রেণি: ৪২) মূলধন ব্যয় হিসেবে হিসাবভুক্ত করা হয়।

### ছক ১১.০ মূলধন ব্যয়

*(অঙ্কসমূহ হাজার টাকায়)*

| অর্থনৈতিক কোড | বিবরণ | প্রকৃত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|
| | | 2021 - 2022 | | | 2020 - 2021 |
| | | পরিচালন কার্যক্রম | উন্নয়ন কার্যক্রম | মোট | মোট ব্যয় |
| 1 | 2 | 3 | 4 | 5 = 3+4 | 6 |
| **41** | **অআর্থিক সম্পদ** | | | | |
| 41111 | আবাসিক স্হাপনা | 1297,09,57 | 3839,76,54 | 5136,86,11 | 4173,26,04 |
| 41112 | অনাবাসিক স্হাপনা | 1770,03,20 | 15797,73,94 | 17567,77,14 | 19024,99,98 |
| 41113 | অন্যান্য স্থাপনা | 2899,86,98 | 47082,41,75 | 49982,28,73 | 44772,35,27 |
| 41114 | ভূমি উন্নয়ন | 3,46,02 | 590,21,95 | 593,67,97 | 154,20,15 |
| 41121 | পরিবহণ সরঞ্জামাদি | 4310,94,42 | 1812,83,44 | 6123,77,86 | 7523,22,44 |
| 41122 | পরিবহণ যন্ত্রপাতি ছাড়া অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জাম | 595,93,01 | 1062,33,54 | 1658,26,55 | 1082,89,04 |
| 41123 | যন্ত্রপাতি ও সরঞ্জাম যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | 4889,17,31 | 5402,19,76 | 10291,37,07 | 9529,90,29 |
| 41131 | চাষকৃত জৈব সম্পদ | 37,02,69 | 215,66,75 | 252,69,44 | 217,43,57 |
| 41132 | মেধাসম্পত্তি পণ্য | 0 | 54,99,89 | 54,99,89 | 22,02,93 |
| 41133 | কম্পিউটার সফট্ওয়্যার ও ড্যাটাবেজ | 77,50,62 | 103,16,16 | 180,66,78 | 354,93,59 |
| 41141 | উইপন সিস্টেম | 545,53,78 | 73,08,03 | 618,61,81 | 540,71,94 |
| 41211 | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | 23,32,53 | 0 | 23,32,53 | 26,79,54 |
| 41241 | খাদ্য দ্রব্য | 11810,18,49 | 0 | 11810,18,49 | 10575,53,82 |
| 41251 | তালিকাভুক্ত সামরিক | 65,55,85 | 0 | 65,55,85 | 66,04,72 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মালামাল (Military inventories) | | | | |
| 41261 | তালিকাভুক্ত ত্রাণ সামগ্রী | 124,60,51 | 0 | 124,60,51 | 72,53,40 |
| 41271 | রেলওয়ের মূলধন সাসপেন্স (স্টোর) | 176,80,75 | 0 | 176,80,75 | 0 |
| 41311 | মূল্যবান দ্রব্যাদি | 26,13 | 86,13 | 1,12,26 | 2,08,34 |
| 41411 | ভূমি | 917,58,57 | 10653,96,15 | 11571,54,72 | 6172,06,93 |
| 41431 | অচাষকৃত জৈব সম্পদ | -1 | 1,23,69 | 1,23,68 | 32,95 |
| 41433 | অন্যান্য প্রাকৃতিক সম্পদ | 0 | 0 | 0 | 9,80 |
| 41441 | চুক্তি, ইজারা ও লাইসেন্স | 0 | 96,73 | 96,73 | 4,03 |
| | **মোট অআর্থিক সম্পদ** | **29544,90,42** | **86691,44,45** | **116236,34,87** | **104311,48,77** |
| **42** | **প্রকল্প মূলধন ব্যয়** | | | | |
